Post-neonatal mortality rate (PNMR) in 2022 possess increased at 8 per 1000 live births which was 6 over previous four years during 2018 to 2021. Child (1-4 years) mortality rate was observed to decline to 1.6 per thousand live births after a stagnant rate for three years (2018-2020). It has been estimated at an increased rate of 1.8 deaths per 1000 children in 2022. Under-five mortality rate has demonstrated an increase at 31 deaths per 1000 live births which was 28 in 2021. In line with previous findings on child and infant mortality, male children underwent more health hazards leading to their deaths than their female counterparts. This is evident from the differential death rates by sex.

Maternal Mortality Ratio (MMR) decreased in 2022 (153 per 100,000 live births) compared to 2021 (168 per 100,000 live births). According to the locality, urban women are in a lower risk position in terms of maternal mortality ratio (135 maternal deaths per 100,000 live births) than rural women (157 maternal deaths per 100,000 live births).

The overall life expectancy at birth has increased by a narrow margin of 0.1 years in 2022 from 72.3 years in 2021 to 72.4 in 2022 with a higher longevity of 74.2 years for females against a longevity of 70.8 years for males.

Marriage and Divorce

The crude marriage rate (CMR) is estimated at an all-time high (18.1 per thousand population). CMR of rural areas have found to be significantly higher than that of urban areas; 19.5 and 13.8 respectively. In terms of marital status, 63.9 percent of the population are currently married, and 28.7 percent have never been married. Remaining 7.4 percent people are widow/widowed/divorced/separated. Widow/divorced among women is about 7 times higher than their male widowed/divorced counterparts; 12.6 percent and 1.9 percent respectively.

Analysis of age at first marriage data reveals that in recent times, mean age at first marriage, especially of males by and large has gone down marginally. For example, the age at first marriage for males as computed in 2018 was 24.4 years, which gradually decreased to 24.0 years in 2022. On the contrary, the female age at first marriage has also shown a modest decrease from 18.6 years in 2018 to 18.4 in 2022.

Early/child marriage of women has remained a concern during recent years as shows an increasing trend both for marriage before 15 years and before 18 years. Marriage before 15 years increased to 6.5 percent in 2022 which was 4.6 percent in 2018. The rate for marriage before 18 years stands at 40.9 percent in 2022 which was 30.0 percent in 2018 which shows an annual average increase of 2.18 percentage points each year.

The crude divorce rate has been doubled in 2022 (1.4 per thousand population) which was 0.7 per thousand population in 2021. The rate has been increased at a similar pattern both in rural and urban areas. The crude separation rate also shows a jump in 2022 at 0.29 per thousand population which was 0.13 in 2021.

Contraceptive usage

The overall contraceptive prevalence rate is 63.3 percent in 2022, implying a near constancy in the rate during the last 5 years ranging from 63.1 percent to 63.9 percent except being 65.6 in 2021. The urban women are more likely (64.3%) to adopt contraceptives than their rural counterparts (62.9%), though the difference is not significant. The rate of use of modern contraceptive methods in 2022 (62.3%) has slightly decreased compared to the previous year 2021 (64.6%).



Migration and Mobility

Both in-migration and out-migration rates from district to districts have exhibited an increasing trend in recent years. For example, while the overall in-migration rate was 29.1 per thousand in 2018, it increased to 30.8 per thousand in 2022. The same feature is observed in the case of the out-migration rate: from 28.4 per thousand in 2018 to 30.2 per thousand in 2022. In-flow mobility rates observed an increasing trend which is 110.8 per thousand in 2022 rose from 72.8 thousand in 2022. Out-flow mobility is also showing similar pattern. It was observed 118.1 per thousand in 2022 which was 72.4 per thousand population. Both international in-migration and out-migration have significantly increased in 2022; the rate of international out-migration (6.6 people per thousand) was higher than the rate of international in-migration (3.0 person per thousand population).

Disability

According to the results obtained based on the data collected from SVRS sample areas in 2022, overall, 25.5 persons per thousand are facing some form of disability or functional difficulties in Bangladesh. No significant difference in crude disability rates was observed by gender as crude disability rates are slightly higher among men (25.6 per thousand) than the rate among women (25.4 per thousand).

Overall, in SVRS 2022 the estimation process of socioeconomic and demographic indicators has been improved significantly through the adaptation of quality of data and international standards through the integration of modern information technology. In addition to a total of 27 indicators of the Sustainable Development Goals (SDGs) and 17 indicators of the development results framework (DRF) of the government's five-year plan, the statistics for total 160 indicators disaggregated by various dimensions and categories are presented in this report through various tables, charts and maps.



Acronyms


ANC	: Antenatal Care	HA	: Health Assistant
ARI	: Acute Respiratory Infection	HDS	: Health and Demographic Survey
ASMFR	: Age-Specific Marital Fertility Rate	HH	: Household
ASDR	: Age-Specific Death Rate	ICR	: Intelligent Character Reader
ASFR	: Age-Specific Fertility Rate	IMPS	: Integrated Multi-purpose Sample
ASMR	: Age-Specific Marriage Rate	IMR	: Infant Mortality Rate
ATM	: Automated Teller Machine	LPG	: Liquefied Petroleum Gas
BBS	: Bangladesh Bureau of Statistics	LR	: Local Registrar
BFS	: Bangladesh Fertility Survey	MA	: Medical Assistant
BS	: Both Sexes	MAM	: Mean Age at First Marriage
CAPI	: Computer Assisted Personal Interviewing	MCWC	: Mother & Child Welfare Centre
CBR	: Crude Birth Rate	MFR	: Marital Fertility Rate
CDR	: Crude Death Rate	MMR	: Maternal Mortality Ratio
CDiR	: Crude Divorce Rate	NEET	: Not in Education, Employment or Training
ChDR	: Child Death Rate	NGO	: Non-government Organization
CMR	: Crude Marriage Rate	NGR	: Natural Growth Rate
COVID-19	: Coronavirus Disease	NMR	: Neo-Natal Mortality Rate
CPR	: Contraceptive Prevalence Rate	NRR	: Net Reproduction Rate
CPS	: Contraceptive Prevalence Survey	OMR	: Optical Marks Reader
CRPD	: Convention on the Rights of the Persons with Disabilities	OCR	: Optical Character Reader
C-section	: Cesarean Section	PDA	: Personal Digital Assistant
CSDR	: Cause Specific Death Rate	P _N MR	: Post Neo-natal Mortality Rate
CSR	: Crude Separation Rate	PSU	: Primary Sampling Unit
CWR	: Child-Woman Ratio	RAI	: Rural Access Index
DGHS	: Directorate General of Health Services	RNI	: Rate of Natural Increase
CHCP	: Community Health Care Provider	SACMO	: Sub-Assistant Community Medical Officer
DSHE	: Directorate of Secondary and Higher Education	SDGs	: Sustainable Development Goals
EA	: Enumeration Area	SMAM	: Singulate Mean Age at Marriage
FWA	: Family Welfare Assistant	SSC	: Secondary School Certificate
GDR	: General Divorce Rate	SVRS	: Sample Vital Registration System
GFR	: General Fertility Rate	TBA	: Traditional Birth Attendant
GMFR	: General Marital Fertility Rate	TFR	: Total Fertility Rate
GMR	: General Marriage Rate	TMFR	: Total Marital Fertility Rate
GRR	: Gross Reproduction Rate	U ₅ MR	: Under-five Mortality Rate
GSR	: General Separation Rate	UH&FWC	: Union Health & Family Welfare Centre
		UHC	: Upazila Health Complex
		WHO	: World Health Organization

অধ্যায় ১:

নমুনায়ন ও জরিপ পদ্ধতি

CHAPTER 1:

SAMPLE DESIGN AND SURVEY METHODOLOGY





অধ্যায় ১: নমুনা়ন ও জরিপ পদ্ধতি

CHAPTER 1: SAMPLE DESIGN AND SURVEY METHODOLOGY

১.১ পটভূমি

দুটি শুমারির মধ্যবর্তী সময়ে বাংলাদেশের জনমিতিক দৃশ্যপটের পরিবর্তন পরিবীক্ষণের লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ১৯৮০ সালে স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) প্রবর্তন করে শুরুতে গড়ে ২৫০টি খানার সমন্বয়ে মোট ১০৩টি প্রাথমিক নমুনা এলাকা (Primary Sampling Unit-PSU) নিয়ে এর কার্যক্রম শুরু করা হয়। পরবর্তীতে প্রাথমিক নমুনা এলাকা (পিএসইউ) সংখ্যা ১৯৮৩ সালে ২১০টিতে; ১৯৯৫ সালে ৫০০টিতে এবং ২০২২ সালে ১,০০০টিতে উন্নীত করা হয়। পরিকল্পনাবিদ এবং নীতিনির্ধারণকণের উপাত্তের চাহিদা পূরণের স্বার্থে ২০১৩ সালে পিএসইউ সংখ্যা ১,৫০০-তে উন্নীত করা হয়। পরবর্তীকালে ২০১৫ সালে সারাদেশে বিস্তৃত ২,০১২টি পিএসইউ নিয়ে একটি সুসংহত বহুমুখী নমুনা (Integrated Multi-purpose Sample- IMPS) নকশা গৃহীত হয়। বর্তমানে খানা ও ব্যক্তির বৈশিষ্ট্য, জন্ম, মৃত্যু, বিবাহ, তালাক, আগমন, বহির্গমন, প্রতিবন্ধিতা, গর্ভাবস্থা রেজিস্টার, জন্মনিয়ন্ত্রণ পদ্ধতির ব্যবহার সংক্রান্ত তথ্য সংগ্রহের জন্য ১১টির মতো প্রশ্নপত্রের তফসিল ব্যবহার করা হচ্ছে। তথ্যের গুণগত মান নিশ্চিত করার জন্য আধুনিক তথ্য-প্রযুক্তির সহায়তায় ২০২২ সাল হতে কম্পিউটার অ্যাসিস্টেড পারসোনাল ইন্টারভিউয়িং (CAPI) পদ্ধতির প্রচলন করা হয়েছে। ক্যাপি পদ্ধতিতে পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহের ভিত্তিতে এটিই এসভিআরএস-এর প্রথম পূর্ণাঙ্গ প্রতিবেদন।

এ জরিপের নমুনা এলাকার কোনো জনঘটনা ঘটান অব্যবহিত মাসে তার তথ্য সংগ্রহ করা হয়। জনমিতিক প্রাক্কলন পরিমাপের হার বের করার নিরিখে বছরের শুরুতে খানা ও জনসংখ্যার মৌলিক বৈশিষ্ট্যবলির আলোকে একটি বিস্তারিত খানা জরিপ পরিচালনা করা হয়। এ অধ্যায়ের বর্তমান ও পরবর্তী অংশসমূহকে এমনভাবে সাজানো হয়েছে, যেখানে এসভিআরএস সম্পর্কে একটি পূর্ণাঙ্গ ধারণা পাওয়া যাবে। এসব অংশে এসভিআরএসের জন্য প্রয়োজ্য নমুনার আওতা (কাভারেজ), ব্যবহৃত তফসিলসমূহ, তথ্য সংগ্রহ প্রক্রিয়া, বাদ পড়া জনঘটনাসমূহ প্রাক্কলন, উপাত্ত ব্যবস্থাপনা এবং এর সঙ্গে সম্পর্কিত অন্য বিষয়াবলি উল্লেখ করা হয়েছে।

1.1 Background

Bangladesh Bureau of Statistics (BBS) introduced Sample Vital Registration System (SVRS) in 1980 to study the changes in the demographic scenarios of Bangladesh during the intercensal periods. Initially, the coverage was limited to 103 primary sampling units (PSUs) each consisting of 250 households on average. Subsequently, the number of sample PSUs rose to 210 in 1983; 500 in 1995 and 1,000 in 2002. To meet the data requirements of the planners and policymakers, the number of PSUs was increased to 1,500 in 2013. An Integrated Multi-Purpose Sample (IMPS) Design was introduced in 2015 with the number of PSUs being 2,012 and spreading throughout the country. As many as 11 data recording schedules are currently being used to collect data on household and population characteristics, birth, death, marriage, divorce, in-migration, out-migration, disability, Pregnant Register and contraceptive use. Computer Assisted Personal Interviewing (CAPI) system has been introduced since 2022 to ensure the quality of data with the help of modern technologies. This is the first ever full report of SVRS which followed complete data collection through CAPI.

The data of this survey is collected in the month immediately after the occurrence of any public incident in the sample area. In order to find denominators for the demographic parameters, a detailed household survey is conducted at the beginning of every year covering basic household and population characteristics. The following and the subsequent sections of the present chapter are designed to provide an overview of such issues as coverage of the sample, schedules used, data collection procedure, estimation of missing events, data management and some other issues pertinent to the SVRS.

১.২ নমুনার আওতা

২০১১ সালের আদমশুমারির নমুনা কাঠামোর ওপর ভিত্তি করে প্রণীত আইএমপিএস কাঠামোটি এসভিআরএস ২০২২-এ তথ্য সংগ্রহের জন্য ব্যবহার করা হয়েছে। ওই সময় যেসব মূল নমুনা পিএসইউ নির্ধারণ করা হয়েছিল, এসভিআরএস জরিপ পরিচালনায় সে পিএসইউগুলোই ব্যবহৃত হচ্ছে। এসভিআরএস নমুনা এলাকা নির্বাচনের ক্ষেত্রে একটি এক স্তরবিশিষ্ট গুচ্ছ নমুনায়ন পদ্ধতি অনুসরণ করা হয়েছে। গণনা এলাকা নির্বাচনের পূর্বে ৪০টির কম খানাবিশিষ্ট গণনা এলাকাকে তার পার্শ্ববর্তী গণনা এলাকার সঙ্গে একীভূত করা হয়েছে, যাতে করে এগুলো অবশিষ্ট গণনা এলাকাগুলোর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হয়। ৬৪টি জেলার মধ্য থেকে গণনা এলাকাসমূহ নির্বাচনের ক্ষেত্রে কম্পিউটারের সাহায্যে আদ্যাক্ষর অনুযায়ী বিন্যাসকৃত তালিকা থেকে সম্ভাব্য আনুপাতিক খানাসমূহ নির্বাচন করা হয়েছে। এক্ষেত্রে একবার যদি কোনো গণনা এলাকা নির্বাচিত হয়, তাহলে ওই এলাকার মধ্যে অবস্থিত সকল খানা এসভিআরএসের তথ্য সংগ্রহের জন্য নির্ধারিত হয়ে যায়। দেশের তৎকালীন সাতটি প্রশাসনিক বিভাগের প্রত্যেকটিকে এ জরিপের প্রধান অধিক্ষেত্র (ডোমেইন) হিসেবে বিবেচনা করা হয়। এ অধিক্ষেত্রগুলোকে তিনটি স্তরে ভাগ করা হয়েছে। এগুলো হলো- পল্লি, শহর ও সিটি কর্পোরেশন। নমুনা নকশায় মোট ২১টি প্রধান অধিক্ষেত্র নির্বাচন করা হয়। ময়মনসিংহ জেলার প্রাক্কলনসমূহ সংকলনের সময় পূর্ববর্তী ঢাকা বিভাগের অধীনস্থ ময়মনসিংহ বিভাগে অবস্থিত নমুনাসমূহের ভিত্তিতে করা হয়েছে। পাশাপাশি ঢাকা বিভাগের প্রাক্কলনসমূহে বর্তমান ঢাকা বিভাগের আওতাভুক্ত নমুনার ভিত্তিতে করা হয়েছে।

প্রতিটি অধিক্ষেত্রের নমুনার আকার নির্ধারণের ক্ষেত্রে একটি গ্রহণযোগ্য ফর্মুলার সহায়তা নেয়া হয়েছিল। এ প্রক্রিয়ায় মোট পিএসইউ-এর সংখ্যা দাঁড়ায় ২০১২টি। ২০২২ সালের জরিপের ক্ষেত্রে একই নমুনা পিএসইউ ব্যবহার করা হয়েছিল। ওই সময় শহরাস্থলের গণনা এলাকার সংখ্যা ছিল ৯৩৫টি আর পল্লিতে গণনা এলাকার সংখ্যা ছিল ১,০৭৭টি। সবমিলে মোট পিএসইউ

1.2 Coverage of the Sample

The IMPS frame developed from the 2011 census served as the sampling frame for the collection of data in the SVRS 2022. The master sample PSUs were used as the PSUs in the SVRS. A single stage stratified cluster sampling methodology was adopted for the SVRS Sample Enumeration Areas (EAs). Prior to the selection, each of all the EAs containing less than 40 households was merged with an adjacent EA to be comparable with the remaining EAs. Selection of the EAs within the strata was done with probability proportional to the estimated number of households from a computerized list ordered alphabetically within the 64 districts. Once an EA was selected, all households within the EAs were brought under the purview of data collection for SVRS areas. Each of the seven former administrative divisions of the country was regarded as a domain of the survey. These domains were divided into three residential categories, viz. rural, urban and City Corporation. Altogether, 21 domains were thus resulted in the design. However, the estimates were disaggregated at eight divisions across the country. Different estimates of Mymensingh division were considered the samples belongs to Former Dhaka Division while estimates of Dhaka division based only samples belongs to present jurisdiction.

In determining the sample size for each domain, standard formulas were adopted resulting in 2012 PSUs. Following previous surveys that employed these PSUs, the 2022 round of survey also used the same frame that included, as before, a total of 935 urban EAs and 1,077 rural EAs from the entire

ছিল ২০১২টি জরিপের জন্য ব্যবহৃত প্রতিটি অধিক্ষেত্রের খানাভিত্তিক পিএসইউসমূহের বিন্যাস সারণি ১.১-এ দেখানো হয়েছে।

জরিপের জন্য ২০১২টি পিএসইউতে মোট তালিকাভুক্ত খানার সংখ্যা ৩০৬,৯৫৪টি এসব পিএসইউ ও খানার সংখ্যা 'সারণি ১.১'-এ উপস্থাপন করা হয়েছে। সারণিবদ্ধ উপাত্ত বিশ্লেষণ করে দেখা যায়, এক বছর সময়ের মধ্যে জরিপ এলাকায় খানার সংখ্যা বেড়েছে ৩,৭০৪টি (১.২২%)। যদিও এ সময়ের ব্যবধানে জরিপের জন্য পিএসইউ'র সংখ্যা বাড়ানো হয় নি। পৌরসভা/অন্যান্য শহর এলাকায় অবস্থিত পিএসইউতে খানার সংখ্যা বেড়েছে সবচেয়ে বেশি (১.৯৯%)। এরপর বৃদ্ধির হার বেশি সিটি কর্পোরেশন এলাকায় (১.১৪%)। পল্লি অঞ্চলে খানার সংখ্যা বেড়েছে সবচেয়ে কম হারে (০.৯২%)। এক্ষেত্রে প্রশাসনিক বিভাগভিত্তিক খানাসমূহের বিন্যাসও একই ছিল।

sample areas that comprised of 2012 PSUs. The allocations of the PSUs along with the associated number of households by strata in each domain of survey are shown in Table 1.1 below.

In 2012 PSUs, a total of 306,954 households were listed. The number of PSUs and the number of households thereof have been displayed in Table 1.1. An examination of the tabular data shows that there has been an increase of 3,704 (1.22%) households over a period of one year in the sample areas, there being no change in the number of PSUs. This increase is more pronounced in the Paurashava/other urban areas (1.99%) followed by City Corporation areas (1.14%). The increase of households in rural areas observed the lowest (0.92%). The distribution of households by administrative divisions also remained the same.

Table 1.1: Allocation of SVRS PSUs and households by domains of survey, SVRS 2022

Divisions	Rural		City Corporation		Paurashava & Other Urban		Total	
	PSU	Household	PSU	Household	PSU	Household	PSU	Household
Barishal	87	13,504	61	9,622	61	9,660	209	32,786
Chattogram	182	28,126	64	8,997	70	10,593	316	47,716
Dhaka*	292	45,564	87	11,576	97	14,454	476	71,594
Khulna	131	21,205	61	8,262	63	10,341	255	39,808
Rajshahi	156	24,502	61	8,842	66	10,284	283	43,628
Rangpur	138	21,455	61	9,042	61	9,555	260	40,052
Sylhet	91	14,068	61	8,178	61	9,124	213	31,370
Total	1,077	168,424	456	64,519	479	74,011	2,012	306,954

* Dhaka division covers the allocation and distribution of samples for Mymensingh division.

১.৩ জরিপের তফসিল

স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) বছরব্যাপী একটি ধারাবাহিক পর্যবেক্ষণ পদ্ধতি, যা ১৯৮০ সাল থেকে পরিচালিত হয়ে আসছে। সময়ের সাথে সাথে এ জরিপের আওতা ও ব্যাপ্তি পর্যায়ক্রমে প্রসারিত হয়েছে। এসভিআরএসের কার্যক্রম দৃঢ় করার লক্ষ্যে এটির জরিপের তথ্য সংগ্রহ প্রক্রিয়ায় ২০০২ সালে প্রতিবন্ধিতা ও তালক/বিবাহবিচ্ছেদ শীর্ষক দুটি নতুন তফসিল সংযুক্ত করা হয়। ২০২২ সাল হতে মাতৃস্বাস্থ্য পরিবীক্ষণ এবং শিশুমৃত্যু ও মাতৃমৃত্যু হারের সঠিকতা নিশ্চিতকরণের লক্ষ্যে গর্ভবতী রেজিস্টার তফসিল অন্তর্ভুক্ত করা হয়েছে। ২০২২ সালের জরিপের সময় প্রশ্নপত্রে বিভিন্ন বিষয়ের ওপর ১১টি স্বতন্ত্র তফসিল সংযুক্ত ছিল। সেসব

1.3 Survey Schedules

Sample Vital Registration System (SVRS) is a continuous surveillance system and has been in operation since 1980. Over time its scope and coverage have substantially increased. As a component of strengthening SVRS, two new modules, one on disability and another on divorce/separation have been added to the data collection system in 2002. In 2022, a new schedule on Pregnant Register has been added to monitor the maternal health and increase the accuracy of child and maternal mortality. There were altogether 11 independent schedules on different topics. A brief

তফসিলের সংক্ষিপ্ত বিবরণ নিচে তুলে ধরা হলো:

তফসিল ১ (খানার তালিকা প্রণয়ন): এ তফসিলে একটি পিএসইউতে অন্তর্ভুক্ত সকল খানার ক্রমিক ও হোল্ডিং নম্বরের পাশাপাশি প্রতিটি পিএসইউ-এর এলাকা পরিচিতি অন্তর্ভুক্ত থাকে। এতে প্রতিটি খানার জন্য পৃথক প্রশ্ন অন্তর্ভুক্ত রয়েছে, যেখানে খানা প্রধান সম্পর্কে কিছু তথ্য ও খানায় জনসংখ্যার মাসিক হালনাগাদ পরিস্থিতি লিপিবদ্ধ করা হয়ে থাকে।

তফসিল ২ (হাউজহোল্ড কার্ড): এ তফসিলে দুটি মডিউল থাকে। মডিউল ১-এ খানা-সম্পর্কিত তথ্য ও মডিউল ২-এ জনসংখ্যা-সম্পর্কিত তথ্যাদি সংগ্রহ করা হয়। সব মিলে এ তফসিলে মোট ৩৫টি প্রশ্ন রয়েছে। টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) ও অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার উপাত্ত চাহিদার নিরিখে ২০২১ সাল হতে জরিপের সময় এ তফসিলে গুরুত্বপূর্ণ কিছু পরিবর্তন আনা হয়। আন্তর্জাতিক নির্দেশিকা ও এসডিজির প্রয়োজনীয়তার সঙ্গে সঙ্গতি রেখে উপাত্তের আন্তর্জাতিক মান নিশ্চিত করার জন্য কিছু প্রশ্নের রূপান্তর ও সংযোজন ঘটানো হয়েছে।

তফসিল ৩ (জন্ম): জন্মসংক্রান্ত তফসিলে শিশুর জীবিত জন্মের বিষয়ে ১০টি ও নবজাতকের মায়ের বিষয়ে ৬টি প্রশ্ন অন্তর্ভুক্ত রয়েছে। একটি পিএসইউতে যখন কোনো শিশু ভূমিষ্ঠ হয়, তখন ওই পিএসইউর দায়িত্বে থাকা স্থানীয় রেজিস্ট্রার এসংক্রান্ত তফসিলের তথ্যাদি এন্ট্রি করে থাকেন।

তফসিল ৪ (মৃত্যু): মৃত্যু সংক্রান্ত তফসিলে জরিপ পঞ্জিকা বর্ষে মৃত ব্যক্তি সংক্রান্ত ১৩টি প্রশ্ন অন্তর্ভুক্ত রয়েছে। মৃত্যু সংঘটিত হওয়ার পরবর্তী মাসে এ তফসিলটি পূরণ করা হয়। স্থানীয় রেজিস্ট্রার কর্তৃক তথ্য সংগ্রহের পর তা কেন্দ্রীয় সার্ভারে পাঠানো হয়।

তফসিল ৫ (বিবাহ): একটি পিএসইউ'র মধ্যকার জনগোষ্ঠীর মধ্যে কোনো বিবাহ সম্পন্ন হওয়ার বিষয়ে এ-সংক্রান্ত তফসিলে মোট ৯টি প্রশ্ন অন্তর্ভুক্ত রয়েছে। সাধারণত পূর্ববর্তী মাসে সংঘটিত বিবাহ-সংক্রান্ত ঘটনাগুলো লিপিবদ্ধ করে সার্ভারে তা পাঠানো হয়।

তফসিল ৬ (তালাক/বিবাহবিচ্ছেদ): তালাক ও দাম্পত্য বিচ্ছেদের বিষয়ে এ তফসিলে মোট ১৭টি প্রশ্ন অন্তর্ভুক্ত রয়েছে। সংগৃহীত তথ্য সার্ভারে দ্রুততম সময়ে পাঠানো হয়।

তফসিল ৭ (বহির্গমন): এ-সংক্রান্ত তফসিলের আওতায় আভ্যন্তরীণ বহির্গমন ও বৈদেশিক অভিবাসন বিষয়ে মোট আট ধরনের উপাত্ত সংগ্রহ করা হয়। এগুলো সার্ভারে তথ্য সংগ্রহের পর প্রেরণ করা হয়।

তফসিল ৮ (অভ্যন্তরীণ আগমন): দেশের অভ্যন্তর ও আন্তর্জাতিক পর্যায়ে হতে আগমন বিষয়ে এ তফসিলে আটটি প্রশ্ন অন্তর্ভুক্ত আছে। এ-সংক্রান্ত তথ্যাদিও সার্ভারে তথ্য সংগ্রহের পরপরই প্রেরণ করা হয়।

description of each of these schedules is provided below:

Schedule 1 (Household Listing): It contains the area identification of each PSU along with holding number and household number of all the households of the PSU. There is relevant question for each household where some information of head of the household and monthly updates of population is recorded.

Schedule 2 (Household Card): This schedule has two modules. In module 1, household related data and in module 2 population related data are collected. In all, there are 35 questions. A significant change has been adopted since 2021 to incorporate the data need of Sustainable Development Goals and 8th Five Year Plan. Few questions have been modified to adopt the international standard aligning with SDGs and relevant international guidelines. It is generally canvassed in the month of January of each year.

Schedule 3 (Birth): The birth schedule has 10 questions on live births and 6 questions about the mother of the children. The schedule is filled-in by the local registrar as and when a birth occurs in the PSU.

Schedule 4 (Death): The death schedule contains 13 questions related to the particulars of the deceased persons who died during the index calendar year. It is filled-in at the following month after death occurs and is sent to the server in a regular manner.

Schedule 5 (Marriage): The marriage schedule contains 9 questions about the occurrence of marriage among the population of the PSU during last month and was sent to the server.

Schedule 6 (Divorce/Separation): This schedule has 17 questions about divorce and separation. It was also sent to the server on urgent basis.

Schedule 7 (Out-Migration): This schedule is used to collect 8 different types of data about domestic out-migration and international migration. It was sent to the server every month on regular basis.

Schedule 8 (In-Migration): This schedule contains 8 questions related to in-migration from other domestic areas and abroad. This was also sent to the server immediately.

তফসিল ৯ (জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার): জন্মনিয়ন্ত্রণ, জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার ও জন্মনিয়ন্ত্রণের অপূর্ণ চাহিদা বিষয়ে তথ্য সংগ্রহের জন্য এ তফসিলে মোট ৩৪টি প্রশ্ন অন্তর্ভুক্ত রয়েছে। জন্মনিয়ন্ত্রণের অপূর্ণ চাহিদা মডিউলটি ২০২১ সাল হতে অন্তর্ভুক্ত করা হয়েছে।

তফসিল ১০ (প্রতিবন্ধিতা): এ-সংক্রান্ত তফসিলে আটটি প্রশ্ন অন্তর্ভুক্ত আছে। এ প্রশ্নগুলোর মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তির বিষয়ে তার বয়স, লিঙ্গ, প্রতিবন্ধিতার ধরন এবং প্রতিবন্ধী হয়ে পড়ার কারণ সম্পর্কে তথ্য সংগ্রহ করা হয়। জাতিসংঘ ঘোষিত প্রতিবন্ধী ব্যক্তির অধিকারের সনদে (সিআরপিডি) অনুস্বাক্ষরকারী দেশ হিসেবে বাংলাদেশ ২০১৩ সালে প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার সংরক্ষণের বিষয়ে ‘প্রতিবন্ধী ব্যক্তির অধিকার সংরক্ষণ আইন, ২০১৩’ শীর্ষক একটি আইন প্রণয়ন করে। সে আইনের আলোকে প্রতিবন্ধী ব্যক্তিদের তথ্য সংগ্রহের জন্য তাদের শারীরিক প্রতিবন্ধিতার ধরন অনুযায়ী বিভিন্ন ধরনের লক্ষণভিত্তিক প্রশ্নমালা প্রণয়ন করা হয়েছে। কর্মে প্রতিবন্ধিতা সংক্রান্ত প্রতিবন্ধিতার বিষয়ে প্রণীত ওয়াশিংটন গ্রুপের প্রতিবন্ধিতা পরিসংখ্যানের নির্দেশনাবলিও এ তফসিলে সংযুক্ত করা হয়েছে।

তফসিল ১১ (গর্ভবতী রেজিস্টার): বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রমিত মান অনুযায়ী মাতৃস্বাস্থ্য সম্পর্কিত তথ্য সংগ্রহ এবং সন্তান জন্ম দেয়ার ৪২ দিন পর্যন্ত গর্ভবতী নারীদের পর্যবেক্ষণ করার জন্য ‘গর্ভবতী রেজিস্টার’ নামে একটি নতুন তফসিল সংযোজন করা হয়েছে। এতে গর্ভবতী নারীদের বয়স, পূর্ববর্তী গর্ভধারণের ইতিহাস, গর্ভাবস্থা শেষ হবার প্রক্রিয়া, গর্ভপাতের ক্ষেত্রে ভ্রূণের লিঙ্গ-প্রীতি, প্রত্যাশিত প্রসবের তারিখ, জীবিত শিশুদের সংখ্যা ইত্যাদিসহ ১৫টি প্রশ্ন রয়েছে। ডেলিভারির প্রত্যাশিত তারিখের ভিত্তিতে প্রতি মাসে জন্মের প্রত্যাশিত সংখ্যা পর্যবেক্ষণ করা হয়ে থাকে।

১.৪ তথ্য সংগ্রহ

পূর্বে অনুসৃত দ্বৈত রেকর্ডিং পদ্ধতির পরিবর্তে প্রথমবারের মতো ২০২২ সালের এসভিআরএস-এ জন্ম, মৃত্যু, বিবাহ, তালাক/দাম্পত্য বিচ্ছেদ, আগমন ও বহির্গমন, জন্মনিয়ন্ত্রণ পদ্ধতির ব্যবহার, প্রতিবন্ধিতা ও গর্ভধারণের মতো গুরুত্বপূর্ণ জনঘটনা বিষয়ে একক পদ্ধতিতে তথ্য সংগ্রহ করা হয়েছে। প্রতিটি পিএসইউতে নিয়োজিত একজন স্থানীয় নারী রেজিস্ট্রার তার দায়িত্বপ্রাপ্ত এলাকায় নির্দিষ্ট তফসিলের মাধ্যমে কম্পিউটার অ্যাসিস্টেড পারসোনাল ইন্টারভিউয়িং (CAPI) পদ্ধতিতে জনঘটনা সংঘটিত হওয়ার পর পরবর্তী মাসে তথ্য সংগ্রহ করেন। স্থানীয় রেজিস্ট্রার নিয়মিতভাবে বিভিন্ন ঘটনাবলির তথ্য সংগ্রহ করে তা স্বয়ংক্রিয়ভাবে কেন্দ্রীয় সার্ভারে পাঠিয়ে থাকেন।

Schedule 9 (Contraceptive use): This schedule containing 34 questions was used to collect data about contraceptive use, methods of contraceptives and unmet need of contraceptive use. The unmet need of contraceptive module has been added in 2021.

Schedule 10 (Disability): This schedule has 8 questions and is used to collect data about the disabled persons by age and sex, type of disability and reasons behind becoming disabled. To identify the disability persons a filtering questions with the sign and symptoms of disabilities and functional difficulties has been set aligning with the Rights and Protection of Persons with Disabilities Act, 2013 in response to the endorsement of United Nations Convention on the Rights of the Persons with Disabilities (CRPD) by Bangladesh. The schedule also reflects the Washington Group of The Washington Group on Disability Statistics for functional difficulties. It was also canvassed in January of each year.

Schedule 11 (Pregnant Register): To collect data on maternal health and monitor pregnant women even after giving birth to the child for 42 days as per the the guideline of WHO a new schedule namely ‘Pregnant Register’ was developed. It contains 15 questions including the age of the pregnant, history of previous pregnancy, type of pregnancy termination, sex preference of foetus in case of abortion, expected delivery date, number of living children, etc. The expected number of births is being monitored every month based on the expected date of delivery.

1.4 Data Collection

In the SVRS 2022, for the first time, data on vital events, such as, births, deaths, marriages, divorce/separation, in-migration and out-migration, contraceptive use, disability and pregnancy were collected through single recording system discontinuing the Dual Recording System. A local female registrar is engaged in each PSU to collect in prescribed schedules the occurrences of vital events on the next month of occurrence through Computer Assisted Personal Interviewing (CAPI) technique. The local registrars collect particulars of events on continuous basis and send those to the



১.৫ উপাত্তের শুদ্ধতা যাচাই

উপাত্তের যথার্থতা এবং শুদ্ধতা যে কোনো জরিপের সবচেয়ে গুরুত্বপূর্ণ দিক। উপাত্তের সম্পূর্ণ বিশ্লেষণ উপাত্ত সংগ্রহের সময় অর্জিত সামগ্রিক শুদ্ধতার উপর নির্ভর করে। এ সার্ভিলেন্স উপাত্তের গুণগত মান মূল্যায়নে উপাত্ত যাচাই (validation) জরিপ একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার হিসেবে কাজ করে। যেহেতু ২০২২ সাল হতে দ্বৈত রেকর্ডিং পদ্ধতি বন্ধ করা হয়েছে, স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেমের কাভারেজ যাচাই করার জন্য একটি নতুন নমুনাভিত্তিক শুদ্ধতা যাচাই জরিপ চালু করা হয়েছে। শুদ্ধতা যাচাই জরিপটি বিগত ১৫-২২ মার্চ ২০২৩ সময়ে পরিচালনা করা হয়েছিল। প্রধানত সদর দপ্তর ও মাঠ পর্যায়ের কর্মীদের মধ্য থেকে নিয়োজিত স্বতন্ত্র একটি দলের মাধ্যমে পুনরায় তথ্য সংগ্রহ করা হয়। এটি নিশ্চিত করা হয় যে, মান যাচাই জরিপের জন্য নিয়োগকৃত তথ্যসংগ্রহকারীগণ তাদের স্ব-স্ব অধিক্ষেত্রের বাইরের জেলায় এ কাজে নিয়োজিত হন। উপাত্ত যাচাই জরিপে সারাদেশে মূল জরিপের পিএসইউ হতে মোট ১০০টি প্রাথমিক নমুনা এলাকা (৫%) দ্বৈবচয়নের ভিত্তিতে নির্বাচন করা হয়। যাচাই জরিপের অধীনে শুধুমাত্র ২০২২ সালে পঞ্জিকাবর্ষে জন্ম, মৃত্যু, বিবাহ ও তালাক/দাম্পত্য বিচ্ছেদের ঘটনাসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে। তথ্য সংগ্রহের জন্য এসভিআরএস-এ ব্যবহৃত একই তফসিল ব্যবহার করা হয়েছে। যে কোনো ধরনের পক্ষপাত এড়াতে স্থানীয় রেজিস্ট্রারদেরকে যাচাই জরিপের তথ্য সংগ্রহকারীদের থেকে বিচ্ছিন্ন করে রাখা হয়েছিল। যাচাই জরিপে নমুনা পিএসইউসমূহের বিন্যাস নিচের সারণি ১.২-তে দেখানো হয়েছে:

headquarters on real time basis.

1.5 Validation of Collected Data

Data authenticity and integrity is the most essential aspect of any survey. A whole lot of analysis in the data depends upon the set integrity achieved during data collection. To evaluate the quality of surveillance data the validation survey serves as an important tool for SVRS survey. As the Dual Recording system has been discontinued from 2022, a new sample-based validation survey was introduced to validate the coverage of the Sample Vital Registration System. A validation survey was conducted during 15-22 March 2023 to re-collect data by an independent team recruited mainly from headquarters and field staffs. It was also ensured that the recruited data collectors for validation survey were assigned to other districts than their jurisdictions. A total of 100 PSUs (5%) were randomly selected across the country to validate the data. Under the validation survey only vital events including birth, death, marriage and divorce were covered which occurred during the calendar year 2022. The same questionnaire was used to collect the data. The local registrars were isolated from the data collectors to avoid any possible biasness. The distribution of the sample PSUs is shown in Table 1.2 below:

Table 1.2: Allocation of Validation Survey PSUs by domains of survey, SVRS 2022

Divisions	Rural	City Corporation	Paurashava & Other Urban	Total
Barishal	5	4	4	13
Chattogram	7	3	3	13
Dhaka	7	4	3	14
Khulna	7	3	3	13
Mymensingh	9	1	1	11
Rajshahi	7	3	3	13
Rangpur	6	3	3	12
Sylhet	5	3	3	11
Total	53	24	23	100

চন্দ্রসেকর-ডেমিং পদ্ধতির (দ্বৈত রেকর্ডিং পদ্ধতি) প্রয়োগ ও আদর্শ বিচ্যুতির বিষয়টি সমন্বয়ের পর সারণি ১.৩-এ প্রদর্শিত যে ফলাফল পাওয়া গেছে, তা বিবেচনা করলে দেখা যায়, ২০২২ সালে প্রণীত প্রধান ঘটনাবলির সংখ্যাগুলোর গ্রহণযোগ্যতা ৯৫%, যা ২০২১ সালেও বিদ্যমান ছিল।

The total number of events as adjusted by the application of Chandra Sekar-Deming technique (the dual recording system) and the standard error of the estimates along with the 95% confidence interval appear in Table 1.3 for 2022 along with results as obtained in 2021.

১.৬ এমডিআরএম ২০২২-এ বাদ পড়া জনঘটনার প্রাক্কলন

স্থানীয় রেজিস্ট্রার ও ভ্যালিডেশন জরিপের মাধ্যমে সংগৃহীত প্রধান জনঘটনার তথ্যগুলো প্রকৃত অবস্থার সঙ্গে কতটা সঙ্গতিপূর্ণ তা যাচাইয়ের জন্য মিলিয়ে দেখা হয়। এক্ষেত্রে দেখা যায়, রেজিস্ট্রার ও যাচাই টিম উভয়ের ক্ষেত্রেই জন্মের ঘটনাবলি নিবন্ধনের ক্ষেত্রে বিচ্যুতি ঘটেছে ০.৩৫ শতাংশ ক্ষেত্রে এবং মৃত্যুর ঘটনা নিবন্ধনের ক্ষেত্রে এ বিচ্যুতির হার ০.৫০ শতাংশ। ২০২১ সালে দ্বৈত রেকর্ডিং পদ্ধতিতে এ ধরনের ভুলের মাত্রা ছিল যথাক্রমে ১.৯২ শতাংশ ও ১.৬৫ শতাংশ। জন্মের ঘটনা লিপিবদ্ধ করার বিষয়ে ৮৬ শতাংশেরও অধিক ক্ষেত্রে রেজিস্ট্রার ও যাচাই দল উভয়েই সফল হয়েছেন। সারণি ১.৩-এ এ সম্পর্কিত ফলাফল উত্থাপন করা হয়েছে। এতে দেখা যায়, রেজিস্ট্রারের চেয়ে যাচাই দলের কর্মসম্পাদনের মাত্রা কিছুটা বেশি।

1.6 Estimates of the Missed Events in SVRS in 2022

The vital events as recorded by the Local Registrars and validation team were matched for ensuring consistency. This exercise shows that in the case of births, 0.35 percent of the events were missed by both the registrar and the validation team, while the deaths were missed in 0.50 percent of the cases by them. The extents of this fault were 1.92 percent and 1.65 percent respectively in 2021 through dual recording system. Both the registrars and the validation team were successful in recording the births in more than 86 percent of the cases. The results presented in Table 1.3 further tend to show that the performance of validation team is better than local registrars.

Table 1.3: Estimates of births and deaths as recorded through validation survey/dual recording system, standard error of the estimates and 95 percent confidence interval, SVRS 2022

Year	Events	Estimated number	Standard error of the estimate	95% confidence interval		
				Lower limit	Upper limit	Length of the interval
2022	Births	1,409	6.20	1,396.84	1,421.16	24.32
	Deaths	464	5.73	458.59	470.05	11.46
2021	Births	24,382	631	23,146	25,618	2,472
	Deaths	7,446	161	7,130	7,762	632

জরিপের জন্য অনুমিত নমুনার নির্ভরযোগ্যতা ও যথার্থতা যাচাইয়ের জন্য পরিসংখ্যানের আস্থার ব্যবধান পরিমাপ করা হয়। একটি নির্দিষ্ট চলকের ক্ষেত্রে সংকীর্ণ আস্থার ব্যবধান ও আদর্শ বিচ্যুতির স্বল্পতা থেকে বোঝা যায়, বিস্তৃত আস্থার ব্যবধান ও বড় আদর্শ বিচ্যুতির তুলনায় সমগ্রকের প্রাক্কলনে গৃহীত নমুনাটি যথেষ্ট সঠিক ও উপযুক্ত ছিল। ২০২১ ও ২০২২ উভয় জরিপের যে ফলাফল সারণিতে দেখানো হয়েছে, তাতে উপস্থাপিত আদর্শ বিচ্যুতি ও আস্থার ব্যবধানের ব্যাপ্তি তুলনা করে দেখা যায়,

The confidence intervals are designed to assess the precision and reliability of the sample estimate. For a specific variable, a narrower confidence interval and smaller standard errors suggest a more precise estimate of the population parameter than a wider confidence interval and larger standard error. Comparing both the standard errors and the length of the intervals of 2021 and 2022 surveys shown in

২০২১ সালের তুলনায় ২০২২ সালে প্রাক্কলনের নির্ভরযোগ্যতা অনেক বেশি ছিল।

১.৭ সামঞ্জস্যতা পরীক্ষাকরণ

ক্যাপি পদ্ধতির মাধ্যমে বিভিন্ন তফসিল ব্যবহার করে সংগৃহীত খানা ও জনসংখ্যা-বিষয়ক মৌলিক ঘটনাবলি, যেমন- জন্ম, মৃত্যু, বিবাহ, অভ্যন্তরীণ স্থানান্তর, বহির্গমন, প্রতিবন্ধিতা, জন্মনিয়ন্ত্রণ পদ্ধতির ব্যবহার ও গর্ভাবস্থা সংক্রান্ত তথ্যাবলি একটি সুনির্দিষ্ট ও দৃঢ় উপযুক্ত পরীক্ষণের মধ্য দিয়ে অতিবাহিত হয়। সুনির্দিষ্ট মানদণ্ড দিয়ে নির্ধারিত গ্রহণযোগ্য মাত্রার নিরিখে রেজিস্ট্রার ও যাচাই টিম কর্তৃক সংগৃহীত তথ্যসমূহ মিলিয়ে দেখার পর সেগুলো গ্রহণ বা বর্জন করা হয়ে থাকে। যেসব তথ্যের ক্ষেত্রে অসঙ্গতি ধরা পড়ে, সেগুলোর বিষয়ে সদর দপ্তর থেকে কর্মকর্তারা মাঠপর্যায়ে ভ্রমণের মাধ্যমে যাচাই করে থাকেন। এছাড়া সদর দপ্তরের কর্মকর্তারা মাঠপর্যায়ে পরিদর্শনের মাধ্যমে স্থানীয় নিবন্ধক ও যাচাই টিম কর্তৃক সংগৃহীত তথ্য-উপাত্তের গুণগত মানও যাচাই করে থাকেন।

the table above, it can be asserted that the reliability of the estimates in questionnaire has greatly improved since its 2021 round of the survey.

1.7 Consistency Check

Household and population information along with the events such as births, deaths, marriages, in-migration, out-migration, disability, contraceptive usage and pregnancy collected through different schedules through CAPI, underwent systematic and rigorous consistency checks. Documents of the single record and validation survey were matched and accepted or rejected as per the tolerance limit specified in advance. The officers from the headquarters visit the field to verify the non-matched cases and also to verify the quality of data collected by the local registrars and also the validation team.



১.৮ মান নিয়ন্ত্রণ

দুই ধাপে এসভিআরএসের উপাত্তের মান নিয়ন্ত্রণ ও পরিবীক্ষণ সম্পন্ন হয়। প্রথম ধাপে সুপারভাইজার ও জেলা পরিসংখ্যান কার্যালয়ের উপপরিচালক নিয়মিত স্থানীয় রেজিস্ট্রারের কাজের গুণগত মান পরীক্ষা করে থাকেন। আর দ্বিতীয় ধাপে রেজিস্ট্রার কর্তৃক সংগৃহীত উপাত্তসমূহ যাচাই দল কর্তৃক সংগৃহীত উপাত্তের সাথে সদর দপ্তরে মিলিয়ে দেখা হয় এবং যেসব ক্ষেত্রে অসঙ্গতি ধরা পড়ে, সেসব ঘটনাবলি আবার মাঠপর্যায়ে যাচাই করা হয়। এ ধাপে প্রতিটি পিএসইউ-এর জন্ম, মৃত্যু, বিবাহ ও অভিবাসন-সংক্রান্ত ঘটনাবলির চলমান বছর ও আগের বছরের সারসংক্ষেপ প্রণয়ন করা হয়। অভ্যন্তরীণ সঠিকতা নির্ণয়ের অংশ হিসেবে মারাত্মক অসঙ্গতির (যদি থাকে) ঘটনাসমূহ তখন মাঠপর্যায়ে যাচাই করা হয়। ভবিষ্যতে অধিকতর উন্নতি সাধনের লক্ষ্যে ঘটনাবলির অন্তর্ভুক্তি ও সংগৃহীত উপাত্তের গুণগত মান একীভূত করা হয় এবং চূড়ান্ত প্রতিবেদনে তা বিভাগ অনুযায়ী লিপিবদ্ধ করা হয়। জন্ম ও মৃত্যুর মতো প্রধান ঘটনাবলির বিভাগ পর্যায়েই অন্তর্ভুক্তির ভুল নিরূপণ করা হয়। এসভিআরএসের গুণগত মান যাচাইয়ের জন্য আদর্শ বিদ্যুতি ও উপাত্তের গ্রহণযোগ্যতার মাত্রা হিসাব করা হয়ে থাকে।

১.৯ বয়স সংক্রান্ত উপাত্তের গুণগত মান

এসভিআরএস-এ সংগৃহীত উপাত্ত গুণগত মানসম্পন্ন কিনা, সে বিষয়টি যাচাই করা হয়ে থাকে। বিশেষ করে জরিপে সংগৃহীত বয়স সংক্রান্ত তথ্যের মান কতটা নিশ্চিত হচ্ছে, সে বিষয়ে বিশেষ নজর দেওয়া হয়। কারণ জরিপ তথ্যের মৌলিক হার ও আপাতন নিশ্চিত করার ক্ষেত্রে বয়সই প্রাথমিকভাবে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এ জরিপের উদ্দেশ্য পূরণের লক্ষ্যে লিঙ্গভিত্তিক বয়সের তথ্য সংগ্রহের জন্য তিনটি জনপ্রিয় মাধ্যম কাজে লাগানো হয়। এগুলো হলো- মায়ারের সূচক, হুইপল সূচক ও জাতিসংঘের বয়স-লিঙ্গ যথার্থতা যাচাই সূচক; এটি ইউএন জয়েন্ট স্কোর নামেও পরিচিত। সম্প্রতি লক্ষ করা গেছে, গত তিন বছর ধরে এসভিআরএস-এ বয়সের তথ্য সংগ্রহ প্রক্রিয়ায় বেশ উন্নতি হয়েছে। এ বিষয়ে বিস্তারিত ফলাফল ২য় অধ্যায়ে উল্লেখ করা হয়েছে।

১.১০ আস্থার ব্যবধান

উপাত্তে দুটি পদ্ধতিতে সংগৃহীত তথ্যের মধ্যে আস্থার ব্যবধান বা আস্থার ব্যবধান একটি জরিপের ফলাফলের উন্নত প্রাক্কলনের নির্দেশক হিসেবে কাজ করে। উপাত্তের বিশ্বাসযোগ্যতার মাত্রা সাধারণত গাণিতিক প্রাক্কলন (বিভিন্ন সংখ্যা) এবং সেই গাণিতিক প্রাক্কলনের ত্রুটির মাত্রা দিয়ে প্রকাশ করা হয়। গাণিতিক প্রাক্কলনে ভুলের মাত্রা জরিপের পপুলেশন মানদণ্ডের নমুনা প্রাক্কলনের অনিশ্চয়তা পরিমাণকে নির্দেশ করে।

এক্ষেত্রে কোনো জরিপের নমুনা প্রাক্কলনের উপযুক্ততা

1.8 Quality Control

Supervision and quality control of SVRS data are done in two stages. At stage-1 supervisors and Deputy Directors of the District Statistical Office regularly check the quality of work performed by the local registrars. At stage-2 data collected by the local registrars and validation team are matched at the headquarters and then the unmatched cases if any, are verified in the field. At this stage, PSU-wise summary of births, deaths, marriages and divorces are made for the current year and also for the previous year. Serious discrepancies (if any) are then verified in the field as internal validation. The coverage of events and quality for collected data are compiled and recorded in the report by division for future improvement. For major events such as birth and death completion rates were computed by division to determine the coverage error. Standard errors and confidence limits were calculated to test the quality of the indices produced in SVRS.

1.9 Quality of Age Data

The data collected in SVRS have been evaluated to shed light on the quality of data. Particular attention was given to assess the quality of age data, which is of great importance in estimating most of the vital rates and ratios. Three popular indices viz. Myer's index, Whipple's index and UN Age-Sex Accuracy Index also called UN Joint Score were computed from reported age distributions by sex for this purpose. These indices pointed out the fact that the quality of age reporting in SVRS has improved over the last three years. The detailed results have been provided in Chapter 2.

1.10 Confidence Interval

Confidence intervals serve as good estimates of the population parameters because the procedure tends to produce intervals that contain the parameter. Confidence intervals are comprised of the point estimate (the most likely value) and a margin of error around that point estimate. The margin of error indicates the amount of uncertainty that surrounds the sample estimate of the population parameter.



পরিমাপের জন্য আস্থার ব্যবধান পরিমাপককে কাজে লাগানো যায়। কোনো নির্দিষ্ট চলকের ক্ষেত্রে দুটি পদ্ধতিতে সংগৃহীত তথ্যের মধ্যে যদি আস্থার ব্যবধান সংকীর্ণ (৯০, ১১০) হয়, তাহলে বুঝতে হবে ওই জরিপের নমুনা প্রাক্কলন যথোপযুক্ত। আর যদি দুটি পদ্ধতির মধ্যে আস্থার ব্যবধান সুপ্রশস্ত (৫০, ১৫০) হয়, তাহলে জরিপের নমুনা নির্বাচনের গুণগত মান নিয়ে প্রশ্নের সুযোগ থাকে।

পপুলেশন নির্দেশকের আস্থার ব্যবধান এবং আদর্শ বিচ্যুতির প্রাক্কলনের মাধ্যমে এ জরিপের বিভিন্ন সূচকের নির্ভরযোগ্যতা পরিমাপ করা হয়েছে। নিচের ১.৪ সারণিতে দেখা যাচ্ছে, কিছু নির্বাচিত সূচকের ক্ষেত্রে কনফিডেন্স ইন্টারভালের মাত্রা ৯৫ শতাংশ এবং এখানে আদর্শ বিচ্যুতির গ্রহণযোগ্য মান অনুসৃত হয়েছে।

In this vein, confidence intervals can be used to assess the precision of the sample estimate. For a specific variable, a narrower confidence interval (90, 110) for example, suggests a more precise estimate of the population parameter than a wider confidence interval (50, 150).

The reliability of the indicators has been assessed by computing the standard error of the estimates and hence the confidence intervals of the population parameters (here the indicators). Table 1.4 below shows these standard errors and the 95 percent confidence intervals of some of the selected indicators.

Table 1.4: Confidence intervals for some major indicators, SVRS 2022

Indicators	Rate/ Ratio	Standard Error	95% Confidence interval	
			Lower limit	Upper limit
Crude Birth Rate (CBR)	19.8	0.12	19.54	20.03
Total Fertility Rate (TFR)	2.20	0.11	1.99	2.41
Crude Death Rate (CDR)	5.8	0.07	5.69	5.95
Infant Mortality Rate (IMR)	24	0.96	22.08	25.86
Neo-natal Mortality Rate (NMR)	16	0.80	14.84	17.97
Post-neonatal Mortality Rate (P _n MR)	8	0.54	6.54	8.63
Child Death Rate (C _n DR)	1.8	0.13	1.51	2.03
Under-5 Mortality Rate (U ₅ MR)	31	1.09	28.54	32.82
Maternal Mortality Ratio (MMR)	153	24.22	103.80	198.75
Life Expectancy in years of Both sexes	72.4	0.19	72.25	73.00
Life Expectancy in years of Males	70.8	0.24	70.39	71.32
Life Expectancy in years of Females	74.2	0.34	74.11	75.43
Contraceptive Prevalence Rate (CPR)	63.3	0.17	62.93	63.56
Dependency Ratio	52.3	0.08	52.13	52.44
Sex Ratio	97.5	0.12	97.30	97.77
Internal In-migration Rate	30.8	0.15	30.60	31.20
Internal Out-migration Rate	30.2	0.15	29.90	30.50
Crude Marriage Rate	18.1	0.10	17.90	18.30
Crude Divorce Rate	1.35	0.03	1.29	1.41
Crude Separation Rate	0.28	0.01	0.25	0.31
International In-migration Rate	3.0	0.05	2.88	3.07
International Out-migration Rate	6.6	0.07	6.47	6.75
Literacy rate 7+ years	76.8	0.08	76.65	76.97
Literacy rate 15+ years	74.4	0.09	74.21	74.56
Crude Disability Rate	25.5	0.14	25.26	25.81

মোটাদাগে ২০২২ সালে ২০২১ সালের মতোই মাতৃমৃত্যুর অনুপাত ব্যতীত সকল ক্ষেত্রে নমুনা প্রাক্কলনের ক্ষেত্রে আদর্শ বিচ্যুতির মাত্রা প্রায় এক রকম ছিল (সারণি ১.৫)। মাতৃমৃত্যু অনুপাতের ক্ষেত্রে উচ্চতর আদর্শ বিচ্যুতি হার ২৪.২২ হওয়ার মূল কারণ হলো ২০২২ সালে এসভিআরএস নমুনায়ন মাত্র ৩৯টি

By and large the standard errors of the estimates in 2022 remained the same as found in 2021 except for MMR (Table 1.5). Standard error is found to be as high as 24.22 for MMR as the case was only 39 observations in the sample during 2022. The

মাতৃমৃত্যুর ঘটনা ঘটেছে এ কারণে প্রাক্কলিত মাতৃমৃত্যুর অনুপাত (১৫৩) সতর্কতার সাথে ব্যবহার করা উচিত হবে। estimated ratio (153) should be used with caution.

Table 1.5: Comparison of the standard errors and confidence intervals: 2021 & 2022

Indicators	Standard error of the estimate		Length of the confidence interval	
	2022	2021	2022	2021
Crude Birth Rate (CBR)	0.12	0.12	0.48	0.47
Total Fertility Rate (TFR)	0.10	0.10	0.41	0.40
Crude Death Rate (CDR)	0.07	0.07	0.26	0.26
Infant Mortality Rate (IMR)	0.96	0.95	3.78	3.73
Neo-natal Mortality Rate (NMR)	0.80	0.80	3.13	3.13
Post-neonatal Mortality Rate (P _n MR)	0.54	0.52	2.12	2.02
Child Death Rate (C _n DR)	0.13	0.13	0.53	0.52
Under-5 Mortality Rate (U ₅ MR)	1.09	1.08	4.28	4.22
Maternal Mortality Ratio (MMR)	24.22	0.26	94.96	103.00
Life Expectancy in years of Both sexes	0.19	0.22	0.75	0.87
Life Expectancy in years of Males	0.24	0.28	0.93	1.08
Life Expectancy in years of Females	0.34	0.38	1.32	1.47
Contraceptive Prevalence Rate (CPR)	0.17	0.17	0.66	0.68
Dependency Ratio	0.08	0.08	0.31	0.30
Sex Ratio	0.12	0.12	0.47	0.49
Internal In-migration Rate	0.15	0.14	0.60	0.53
Internal Out-migration Rate	0.15	0.14	0.60	0.54
Crude marriage Rate	0.10	0.10	0.40	0.40
Crude Divorce Rate	0.03	0.02	0.13	0.09
Crude Separation Rate	0.01	0.01	0.06	0.04
International In-migration Rate	0.05	0.03	0.19	0.13
International Out-migration Rate	0.07	0.04	0.28	0.17
Literacy rate 7+ years	0.08	0.08	0.33	0.32
Literacy rate 15+ years	0.09	0.09	0.35	0.35
Crude Disability Rate	0.14	0.14	0.55	0.54



অধ্যায় ২:

খানার বৈশিষ্ট্য ও জনসংখ্যার বিন্যাস

CHAPTER 2:

HOUSEHOLD CHARACTERISTICS AND POPULATION COMPOSITION





অধ্যায় ২: খানার বৈশিষ্ট্য ও জনসংখ্যার বিন্যাস

CHAPTER 2: HOUSEHOLD CHARACTERISTICS AND POPULATION COMPOSITION

২.১ ভূমিকা

এ অধ্যায়ে ২০২২ এসভিআরএসের খানাসমূহের বিষয়ে একটি সামগ্রিক ধারণা দেওয়া হয়েছে। এখানে যেসব বিষয় বিশেষভাবে উল্লেখ করা হয়েছে, তার মধ্যে রয়েছে খানার আকার, খানাপ্রধান, বাসগৃহের কাঠামো ও শয়নকক্ষের আয়তন, খানার পানি সরবরাহের উৎস, আলোর সুবিধা, জ্বালানির উৎস, স্যানিটেশন সুবিধা এবং সম্পদের মালিকানা। মানুষের জীবনযাত্রার মান নির্ণয় ও মৌলিক প্রয়োজনসমূহের বিষয়ে ধারণা পাওয়ার ক্ষেত্রে এসব তথ্যের ব্যাপক গুরুত্ব রয়েছে। এসব বিষয়ে সামগ্রিকভাবে একটি ফলাফল উপস্থাপন করা হয়েছে। এছাড়া যেসব ক্ষেত্রে সম্ভব হয়েছে, সেখানে বাসস্থান, প্রশাসনিক বিভাগ, শিক্ষা ও ধর্মীয় পরিচয়ের মতো মৌলিক বৈশিষ্ট্যাবলি ভিত্তিক তথ্যও দেওয়া হয়েছে। জরিপের প্রতিবেদনে খানার জনগোষ্ঠীর বয়স-লিঙ্গভিত্তিক গঠন, বয়স লিপিবদ্ধকরণের গুণগত মান এবং বয়স ও লিঙ্গভিত্তিক কিছু জনমিতিক বৈশিষ্ট্য, যেমন নির্ভরশীলতার অনুপাত, বৈবাহিক অবস্থা এবং নারী ও শিশুর অনুপাতের মতো বৈশিষ্ট্যাবলির ভিত্তিতে জনসংখ্যার বিবরণ দেওয়া হয়েছে। এ অধ্যায়ে জনসংখ্যার ধর্মভিত্তিক বিন্যাস ও সাক্ষরতার হারও উল্লেখ করা হয়েছে।

২.২ খানার বিন্যাস

খানার সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় নারীর ক্ষমতায়নের পাশাপাশি পরিবারের সার্বিক কল্যাণ এবং জনসংখ্যার সাধারণ স্বাস্থ্য পরিস্থিতি সম্পর্কে ধারণা পাওয়ার ক্ষেত্রে খানার গঠন কাঠামো একটি গুরুত্বপূর্ণ নির্দেশক হিসেবে কাজ করে। খানার গঠন কাঠামো-বিষয়ক তথ্যাদি জনসংখ্যাভিত্তিক নীতি প্রণয়ন ও কর্মসূচি গ্রহণের (বিডিএইচএস, ২০১১) মূল ভিত্তি হিসেবে কাজ করে থাকে। সারণি ২.১-এ নমুনা এলাকার বিদ্যমান বাসস্থান ও এলাকার ভিত্তিতে খানার আকার তুলে ধরা হয়েছে। সারণি ২.১ ও সারণি ২.২-এ বর্ণিত সকল মৌলিক বৈশিষ্ট্যাবলি নির্বিশেষে দেখা গেছে, প্রতিটি খানার আদর্শ সদস্যসংখ্যা সাকুল্যে চারজন। ২০২২ সালের এসভিআরএস জরিপে দেখা যায়, জরিপ এলাকায় চার সদস্যবিশিষ্ট খানার অনুপাত ২৭.৪৩ শতাংশ যা ২০২১ সালে ছিল ২৭.৭ শতাংশ।

২০২২ সালের এসভিআরএস জরিপে সার্বিকভাবে খানাগুলোর গড় সদস্য সংখ্যা দাঁড়িয়েছে ৪.২ জন, যা ২০২১ সালের

2.1 Introduction

This chapter presents an overview of the household characteristics in the SVRS areas in 2022 pertaining to household size, household headship, housing structure and living space, sources of water in the households, lighting facilities, sources of fuels and toilet facilities and assets ownership. These data are of immense importance in an understanding of the basic human needs and household facilities that determine the quality of human life. The results have been presented for the overall sample and whenever possible, by several such background characteristics as residence, administrative division, education, and religion. Characteristics of the household populations in terms of age-sex composition, quality of age reporting and some age-sex based demographic characteristics that include, among others, dependency ratio; marital status and child-woman ratio have also been discussed. The chapter also presents an overview of religious composition, and literacy rates.

2.2 Household Composition

Household composition is an important determinant in an understanding of the general health status of the population and overall well-being of the families including the empowerment of women in family decision making. Information on household composition also serves as a basis for planning population-based policy and programs. Table 2.1 shows the household size in the sample areas by current residence and religion. As the table shows, the modal size of the household is 4 irrespective of the background characteristics listed in Table 2.1 and Table 2.2. The overall percentage of households with 4 members is 27.43 percent as reported in 2022 in SVRS survey, this was 27.7 percent in 2021.

The overall average household size in the SVRS

জরিপের তুলনায় কিছুটা কম (০.০৯)। জরিপে অংশ নেয়া এক-তৃতীয়াংশেরও বেশি (৩৫.৭%) খানার সদস্য সংখ্যা ১-৩ জন এবং প্রায় অর্ধেক খানার (৪৬.০%) সদস্যসংখ্যা ৪-৫ জন। এছাড়া প্রায় এক-পঞ্চমাংশ (১৮.৪%) খানার সদস্য সংখ্যা এখনও ৬ জন ও ততোধিক। খানার এ ধরন বাসস্থানের অবস্থা ও জনসংখ্যার ধর্মীয় বিন্যাস নির্বিশেষে বিদ্যমান।

পল্লি অঞ্চলে খানার গড় সদস্য (৪.২৪) শহরাঞ্চলের উভয় পরিসর অর্থাৎ সিটি করপোরেশন (৪.০) ও পৌরসভা/অন্যান্য শহরের (৪.১০) খানার গড় সদস্য সংখ্যার চেয়ে বেশি। ধর্মবিশ্বাসের ভিত্তিতে খানাগুলোর বিন্যাস বিশ্লেষণ করলে দেখা যায়, দেশের প্রধান চারটি ধর্মের বাইরে অর্থাৎ অন্যান্য ধর্মাবলম্বী খানার আকার প্রধান-প্রধান ধর্মের অবলম্বীদের তুলনায় সবচেয়ে ছোট। তাদের খানার গড় সদস্যসংখ্যা ৩.৯৪ জন। হিন্দু ধর্মাবলম্বী জনগোষ্ঠীর খানার গড় আকার সবচেয়ে বড় (৪.২১)। এরপর রয়েছে মুসলিম ধর্মাবলম্বীর খানার গড় সদস্য ৪.১৯ জন। বৌদ্ধ ধর্মাবলম্বী খানার গড় সদস্য সংখ্যা ৪.১৭ এবং খ্রিষ্টান ধর্মাবলম্বী খানার গড় সদস্য ৪.০৮ জন, যা মুসলিম, হিন্দু ও বৌদ্ধ ধর্মাবলম্বীদের খানার তুলনায় তুলনামূলকভাবে ছোট।

areas has been documented to be 4.20 in 2022 demonstrating a marginal decrease of 0.09 over the 2021 survey. More than one-third (35.7%) of the households consist of 1–3 members and near about half (46.0%) of the households consist of 4–5 members. Nearly one-fifth (18.4%) of the households are still bonded with 6 or more persons. This pattern prevails across the residential status and religious composition of the population.

The average household size in the rural areas (4.24) marginally exceeds the average of both city corporation and Paurashava/other urban spectrum with 4.00 and 4.10. So far as the household size by religion is concerned, people belonging to the religion labelled 'others' appear to have the lowest household size with 3.94 members on the average. Hindus have 4.21 members in their households followed by Muslims with 4.19. Household size among Buddhist (4.17) and Christian (4.08) households are smaller than Muslim, Hindu and Buddhist households.

Table 2.1: Percent distribution of sample households by household size, residence and religion, SVRS 2022

Household size	Residence			Religion					Total
	Rural	City Corporation	PSA/ Oth. Urban	Muslim	Hindu	Buddhist	Christian	Others	
1	4.1	2.5	3.3	3.9	3.2	3.3	4.7	9.8	3.8
2	11.5	12.5	12.4	11.9	10.4	10.8	9.7	9.1	11.7
3	19.3	23.2	22.1	20.0	21.3	19.3	20.3	23.3	20.1
4	26.6	32.2	28.8	27.1	29.8	30.5	30.2	27.4	27.4
5	19.0	16.7	17.4	18.6	18.0	17.8	19.2	9.5	18.5
6	10.1	6.9	8.4	9.6	8.9	11.1	9.4	11.6	9.6
7	4.5	2.9	3.6	4.3	3.7	4.2	4.3	8.6	4.2
8	2.3	1.5	1.8	2.2	2.0	2.0	0.8	0.0	2.1
9	1.2	0.7	1.0	1.1	1.1	0.6	0.9	0.0	1.1
10+	1.5	0.9	1.2	1.4	1.6	0.6	0.6	0.9	1.4
Total	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0	100.0
Number of Households	168,424	64,519	74,011	271,012	32,913	723	2,191	115	306,954
Population	725,184	262,749	314,855	1,150,191	139,958	2,971	9,168	500	1,302,788
Avg HH size	4.24	4.00	4.10	4.19	4.21	4.17	4.08	3.94	4.20

বয়সভিত্তিক গোষ্ঠীর প্রতি ১,০০০ জনের বিপরীতে সব বয়সের বিবাহিত ব্যক্তিদের মোট সংখ্যাকে বোঝায়। বয়ঃনির্দিষ্ট বিবাহের হার গণনা করার ক্ষেত্রে একটি বাড়তি জটিলতা রয়েছে। তা হলো বিয়ে সাধারণত বিপরীত লিঙ্গের দুজনের মধ্যে সংঘটিত হয়। কিন্তু দুজনই একই বয়সভিত্তিক গোষ্ঠীর সদস্য নাও হতে পারেন। এ বিবেচনায় বয়ঃনির্দিষ্ট বিবাহের হার বিবাহের পরিবর্তে বিবাহিত ব্যক্তিদের পরিপ্রেক্ষিতে সংজ্ঞায়িত করা হয়। ফলে বয়স-লিঙ্গ-নির্দিষ্ট বিবাহের হারগুলো সারণি ৫.২-এ শহর-পল্লি বাসস্থান এবং লিঙ্গের ভিত্তিতে দেখানো হয়েছে। 'চিত্র ৫.২-এ লেখচিত্রের মাধ্যমে পুরুষ ও নারীদের বিবাহের হার প্রদর্শন করা হয়েছে। লেখচিত্রে উপস্থাপিত তথ্য থেকে দেখা যায়, জরিপের আওতাভুক্ত পুরুষ ও নারী উভয়ের ক্ষেত্রে বিবাহের ঘটনা একটি নির্দিষ্ট বয়সের আশেপাশে ঘুরপাক খাচ্ছে। এক্ষেত্রে নারীদের বিবাহের গড় বয়স দেখা যাচ্ছে ১৮ বা এর আশেপাশে। অন্যদিকে পুরুষদের বিবাহের গড় বয়স ২২ বছর বা তার আশেপাশে অবস্থান করছে। দেশে আইনগতভাবে বিবাহের যে বয়স নির্ধারণ করা হয়েছে, লেখচিত্রে উত্থাপিত বিবাহের বয়সসমূহ প্রায় তার কাছাকাছি অবস্থান করছে। মেয়েদের ক্ষেত্রে বিবাহের সর্বনিম্ন বয়স নির্ধারণ করা হয়েছে ১৮ বছর এবং ছেলেদের ক্ষেত্রে এটি ২১ বছর। যৌক্তিকভাবে, বিবাহের গড় বয়স এ আইনগত স্বীকৃত বয়সের স্তরেই অবস্থান করছে।

rate is defined as the number of marriages to persons of a given age group per 1000 persons in the same age group. There is an additional complication in computing age-specific marriage rate, however, since marriage involves two persons who may not be of the same age. In view of this, age-specific marriage rates are defined in terms of persons marrying, rather than marriages. The resulting age-sex-specific marriage rates are shown in Table 5.2 by urban-rural residence and sex. Figure 5.2 graphically displays marriage rates for males and females. As noted, for both males and females, the graph succinctly displays high concentration of marriages in the neighbourhood of 18 years for females and 22 years for males. These rates are in close agreement with the legal ages at marriage, which has been fixed at 18 for female and 21 for males. Logically, the mean age at marriage will be closed to these levels.

Table 5.2: Age-specific marriage rates per 1000 population by sex and residence, SVRS 2022

Age group	Rural		Urban		Total	
	Male	Female	Male	Female	Male	Female
10-14	0.66	27.47	0.22	14.81	0.47	22.04
15-19	27.43	136.51	19.46	80.50	24.12	111.98
20-24	81.83	55.04	49.60	48.88	67.87	52.13
25-29	64.70	15.67	55.23	22.25	60.28	18.88
30-34	27.42	3.90	25.80	6.36	26.63	5.08
35 and above	3.43	0.57	3.05	0.72	3.26	0.64
Total	22.20	28.25	16.60	20.68	19.69	24.86
TMR	1,027.42	1,195.80	766.71	867.59	913.15	1,053.76

সারণি ৫.২-এর শেষ সারির আগের সারি অর্থাৎ 'মোট' সারিতে যে সংখ্যাসমূহ দেখানো হয়েছে, তাতে দেখা যাচ্ছে প্রতি ১,০০০ জনের বিপরীতে ১০ বছর ও তার পরে বিয়ের হিসাব দেয়া হয়েছে। প্রাপ্ত তথ্য অনুযায়ী, সামগ্রিকভাবে ২০২২ সালে প্রতি হাজারে ১০ বছর ও তদূর্ধ্ব বয়সী ২৪.৮৬ জন নারী ও ১৯.৬৯ জন পুরুষ বিয়ে করেছেন। পল্লি এলাকার নারীদের বিবাহিত থাকার সম্ভাবনা শহরাঞ্চলের নারীদের তুলনায় ১.৩৭ গুণ বেশি। শহর এলাকার পুরুষদের জন্য অনুরূপ সম্ভাবনা ১.৩৪ গুণ। এ অনুপাত দিয়ে পরিমাপ করা ২০২২ সালে বিবাহের ব্যাপকতার সঙ্গে ২০২১ সালে পরিলক্ষিত বিবাহের ব্যাপকতায়

The penultimate row labelled 'Total' in Table 5.2 shows the number of marriages per 1000 persons within the given age range 10 and over. As our data reveal, overall, 24.86 persons of females as opposed to 19.69 persons of males aged 10 and over went on to get married in 2022. Rural females are 1.37 times higher as likely as the urban females to remain married. The corresponding likelihood is 1.34 times for males in urban areas. The prevalence of marriage in 2022 as measured by these ratios show remarkable variation from the prevalence

উল্লেখযোগ্য পার্থক্য দেখা যায়।

বিবাহের হিসাবটি যদি মৃত্যুহারের পরিবর্তে জন্মহারের বিষয়টি বিবেচনা করে নির্ধারণ করা হয় (এবং বাস্তবে বিবাহ সংঘটিত হয়), তাহলে বয়ঃনির্দিষ্ট সেই ক্ষেত্রে বিবাহের হার গণনা করা যায়। আর এ গণনায় পুরুষ/নারী, বিবাহিত ও অবিবাহিত সকলেই অন্তর্ভুক্ত হবে। বয়ঃনির্দিষ্ট হারগুলো যোগ করে যোগফলকে ৫ দিয়ে গুণ করে যে ফলাফল পাওয়া যায়, সেটিকেই মোট বিবাহ হার (টিএমআর) হিসেবে অভিহিত করা হয়। ‘সারণি ৫.২’-এর শেষ সারণিতে এ হারগুলো উপস্থাপন করা হয়েছে।

জরিপ এলাকায় প্রতি ১,০০০ পুরুষের জন্য টিএমআর অনুপাত হলো ৯১৩.১৫। অর্থাৎ, যদি বর্তমান বিবাহ হার অনুসরণ করা হয় এবং জরিপ এলাকায় বিবাহযোগ্য পুরুষ জনগোষ্ঠীর মধ্যে কোনো মৃত্যুর ঘটনা না ঘটে, তাহলে জরিপ এলাকায় একজন পুরুষের বিপরীতে গড় বিবাহের হার দাঁড়াবে ০.৯১৩২। নারীদের ক্ষেত্রে জনপ্রতি বিবাহের এ অনুপাত কিছুটা বেশি; ১.০৫৩৮ জন।

পল্লি এলাকায় একজন পুরুষের বিপরীতে বিবাহের এ অনুপাত ১ (১.০২৭৪)-এর উপরে রয়েছে। অন্যদিকে, শহরাঞ্চলের পুরুষদের মধ্যে এটি অনেক কম; একজনের বিপরীতে ০.৭৬৬৭। তবে নারীদের ক্ষেত্রে এ ফলাফল কিছুটা বেশি; পল্লি অঞ্চলে একজনের বিপরীতে বিবাহের অনুপাত ১.১৯৫৮। এর বিপরীতে হরে এ হার ০.৮৬৭৮।

observed in 2021.


If marriage can be thought of (and in fact can be) like fertility, rather than mortality, then age-specific marriage rates can be calculated which include all men/women, both married and unmarried, in the denominator. The total marriage rates (TMR) are obtained by adding the age-specific rates and multiplying the result by five. The last row of Table 5.2 represents these rates.

The TMR for males in the survey areas is 913.15, reflecting that males in the survey areas are expected to experience less than one marriage (0.9132) on average if he experiences the current marriage rate and no mortality during marriageable ages, while a female does so with slightly a higher rate of 1.0538 marriages.

In rural areas this is over 1 (1.0274), for males while in urban areas, it is much less (0.7667). The corresponding prevalence's for females are relatively higher: 1.1958 and 0.8678 respectively for rural and urban areas.

Figure 5.2: Age Specific Marriage Rates by Sex, SVRS 2022





৫.৫ বিবাহের গড় বয়স

বিবাহের গড় বয়স (এমএএম) বিবাহের হিসাব নির্ণয়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ সূচকগুলোর মধ্যে একটি। প্রজনন হার ও বিবাহের স্থায়িত্বকালের ওপর এ সূচকের সরাসরি প্রভাব রয়েছে। এসভিআরএস বিবাহ তফসিল ৫-এ জরিপে অন্তর্ভুক্ত সকলের পূর্বকার বৈবাহিক অবস্থা অনুসারে চলমান বছরের প্রথম বিবাহের সময়কার বয়সসহ বিবাহের বয়সের গড় ও মধ্যমা অনুমানের সুযোগ রয়েছে। বর্তমান বয়স অনুসারে একক অনুপাত প্রাক্কলন করার জন্য এ সূচকটি ব্যবহার করা হয়েছিল। এ প্রক্রিয়ায় হিসাব করা প্রাক্কলনসমূহকে বিবাহের সিঙ্গুলেট গড় বয়স (এসএমএএম) হিসেবে আখ্যায়িত করা হয়। এটি প্রথম বিবাহের বয়স প্রাক্কলনের একটি পরোক্ষ পরিমাপ ব্যবস্থা। ‘সারণি ৫.৩’-এ জরিপ করা জনগোষ্ঠীর বিবাহের বয়সের গড় ও মধ্যমা এবং লিঙ্গভিত্তিক এসএমএম তুলে ধরা হয়েছে।

৫.৫.১ প্রথম বিবাহের গড় বয়স

‘সারণি ৫.৩’-এ পূর্ববর্তী বৈবাহিক অবস্থার ভিত্তিতে কিছু নির্বাচিত মৌলিক চলকের ভিত্তিতে জরিপের অন্তর্ভুক্ত জনগোষ্ঠীর প্রথম বিবাহের বয়সের গড় ও মধ্যমা তুলে ধরা হয়েছে। এক্ষেত্রে তাদেরই অন্তর্ভুক্ত করা হয়েছে, যারা জরিপে উল্লেখিত ভিত্তিবছরে বিবাহবন্ধনে আবদ্ধ হওয়ার পূর্বে কখনও বিয়ে করেন নি। এ প্রক্রিয়ায় হিসাব করে দেখা যায়, পুরুষদের ক্ষেত্রে প্রথম বিবাহের গড় বয়স ২৪.০ বছর। নারীদের ক্ষেত্রে এ

5.5 Mean Age at Marriage

Mean age also called average age at marriage (MAM) is one of the most important indicators of nuptiality. It has a direct impact on fertility and duration of marriage. The SVRS Marriage Schedule-5 allows us to compute mean and median age at marriage including age at first marriage for the current year for all persons according to their previous marital status. The proportions single by current age were used to calculate what is known as Singulate Mean Age at Marriage (SMAM), an indirect measure of age at first marriage. The levels of mean and median age at marriage and SMAM by sex and some selected background characteristics are presented in Table 5.3.

5.5.1 Mean Age at First Marriage

The mean and median age at first marriage computed from previous marital status data specifically from those who were ‘Never married’ prior to their marriage in the reference year are presented in Table 5.3 by some selected background variables. The mean age at first marriage for males is 24.0 years, while it is 18.4

বয়স ১৮.৪ বছর। এর ফলে স্বামী-স্ত্রীর বয়সের পার্থক্য দাঁড়িয়েছে ৫.৬ বছর। গত এক বছরে বিবাহের গড় বয়সের চিত্রে কিছুটা পরিবর্তন পরিলক্ষিত হয়েছে।

শহরাঞ্চলে পুরুষ ও নারী উভয়ে পল্লি অঞ্চলের তুলনায় বেশি বয়সে বিয়ে করেন। শহরাঞ্চলে পুরুষদের বিবাহের গড় বয়স ২৫.২ বছর এবং নারীদের প্রথম বিবাহের গড় বয়স ১৯.৬ বছর। এর বিপরীতে পল্লি অঞ্চলে পুরুষের প্রথম বিবাহের গড় বয়স ২৩.৭ বছর এবং মেয়েদের ১৮.১ বছর। শহর ও পল্লি উভয় অঞ্চলে স্বামী-স্ত্রীর বয়সের গড় ব্যবধান ৫.৬ বছর।

একই সারণিতে প্রথম বিবাহের বয়সের মধ্যমা প্রকাশ করা হয়েছে। এতে দেখা যায়, বয়সের গড় ও মধ্যমার চিত্র একই এখানেও দেখা যায়, পুরুষের প্রথম বিবাহের বয়সের মধ্যমার মান ২৩ এবং নারীদের ক্ষেত্রে তা ১৮ বছর। ২০২১ সালের তুলনায় শুধু পুরুষদের ক্ষেত্রে পরিবর্তন লক্ষ করা গেছে।

বিভাগীয় পর্যায়ের হিসাব পর্যালোচনা করলে দেখা যায়, সিলেটে প্রথম বিবাহের বয়সের গড় সারাদেশের মধ্যে সবচেয়ে বেশি। এ বিভাগে পুরুষদের জন্য প্রথম বিবাহের গড় বয়স ২৫.৮ বছর এবং নারীদের জন্য ২০.৮। পুরুষদের জন্য সর্বনিম্ন বয়স ময়মনসিংহ বিভাগে (২২.৫ বছর) এবং নারীদের জন্য রাজশাহী বিভাগে সর্বনিম্ন বয়স (১৭.৬ বছর) লক্ষ করা যায়।

ধর্মভিত্তিক হিসাবে দেখা যায়, মুসলিম পুরুষদের তুলনায় হিন্দু পুরুষদের প্রথম বিবাহের গড় বয়স বেশি। মুসলিমদের ক্ষেত্রে এ বয়স ২৩.৮ বছর। অন্যদিকে, হিন্দুদের ক্ষেত্রে তা ২৬.২ বছর। বিবাহের বয়স বাড়ানোর ক্ষেত্রে শিক্ষার স্তরটি খুব রক্ষণশীল প্রভাব ফেলে বলে মনে হয়, যা আমাদের সাধারণ বিশ্বাসের একদম পরিপন্থী। বিশেষ করে নারীদের ক্ষেত্রে এমন কথার যথার্থতা রয়েছে।

৫.৫.২ অবিবাহিতকালীন গড় বয়স (এসএমএএম)

অবিবাহিতকালীন গড় বয়স (এসএমএএম) হলো বিবাহের প্রথম বয়সের একটি পরোক্ষ প্রাক্কলন, যা প্রতিবেদনের পূর্ববর্তী অংশে আলোচনা করা হয়েছে। এ গড় হিসাব করার ক্ষেত্রে বয়স বা বয়স গোষ্ঠী অনুসারে অনুপাত একক প্রয়োগ করা হয়েছে।

years for the females resulting in a spousal age difference of 5.6 years, showing virtually slight change in mean age marriage in the last one-year period.

Both urban males and females marry at a later age (25.2 vs 19.6) than their rural counterparts (23.7 vs 18.1), with a spousal age difference of 5.6 years both in the urban areas in the rural areas.

The median age at first marriage presented in the same table reflect the same scenarios as observed in the case of mean ages. It is higher for males (23 years) than their female counterparts with a median age of 18 years, indicating a change against males from its level in 2021.

At the divisional level, Sylhet recorded the highest (25.8 years) mean age at first marriage for males and 20.8 for females, while for males Mymensingh Division and for females Rajshahi the lowest (22.5 years and 17.6 years respectively).

For males, Muslims have somewhat lower mean age at marriage (23.8 years) than the Hindus (26.2 years). Contrary to our believe, level of education appears to have a very conservative effect on raising age at marriage. This is truer for females.

5.5.2 Singulate Mean Age at Marriage (SMAM)

Singulate mean age at marriage (SMAM) is an indirect estimate of first age at marriage discussed in the previous section. In calculating this mean, proportions single by age or age groups are employed.

Definition: 5.3: Singulate mean age at marriage (SMAM) is an estimate of the mean number of years lived by a cohort of men or women before their first marriage takes place.

এসভিআরএস ২০২২-এর উপাত্ত থেকে এসএমএএম প্রাক্কলন করা হয়েছে এবং তা সারণি ৫.৩-এ পুরুষ ও নারীদের ক্ষেত্রে পৃথকভাবে উপস্থাপন করা হয়েছে। জরিপে দেখা যায়, পুরুষদের ক্ষেত্রে অবিবাহিতকালীন গড় বয়স ছিল ২৫.০৭ বছর এবং নারীদের ক্ষেত্রে ছিল ১৯.৪৫ বছর। এক্ষেত্রে স্বামী-স্ত্রীর বয়সের

SMAM was calculated from SVRS 2022 data and presented in Table 5.3 for males and females separately. The SMAM was 25.07 years for males and 19.45 years for the females, showing a spousal age difference of 5.6. This difference was the same

ব্যবধান পাওয়া গেছে ৫.৬ বছর। ২০২১ সালে এ ব্যবধান ছিল একই। তখন পুরুষদের অবিবাহিতকালীন গড় বয়স রেকর্ড করা হয়েছিল ২৬.৩ বছর এবং নারীদের জন্য ২০.৭ বছর। এ ফলাফল থেকে দেখা যায়, অবিবাহিতকালীন গড় বয়স গত বছরে সামান্য কমেছে।

কিছু মৌলিক বৈশিষ্ট্যের ভিত্তিতে জরিপের অন্তর্ভুক্ত জনগোষ্ঠীর অবিবাহিতকালীন গড় বয়স মাত্রা ভেদে সারণি ৫.৩-এ উপস্থাপন করা হয়েছে। এসব বৈশিষ্ট্যের মধ্যে রয়েছে বাসস্থানের অবস্থান, প্রশাসনিক বিভাগ, ধর্ম, শিক্ষার স্তর ও সম্পদ সূচকা মোটামুটিভাবে এ প্রাক্কলনসমূহ ধরনের দিক থেকে একই রকম, কিন্তু সুনির্দিষ্ট কারণে সেগুলোর মাত্রা ভিন্ন।

অবিবাহিতকালীন গড় বয়স হলো প্রথম বিবাহের সময়কার বয়স পরিমাপের একটি পরোক্ষ পদ্ধতি। সে কারণে এটি গড় ও মধ্যমা বয়স থেকে ভিন্ন। বিবাহের বিষয়ে যদি সরাসরি কোনো সহজলভ্য উপাত্ত পাওয়া যেত, তাহলে অবিবাহিতকালীন গড় বয়স পরিমাপের বিষয়টি উপযোগিতা হারাতে পারতো।

in 2021: 26.3 years for males and 20.7 years for females. This result shows that mean age at marriage has slightly decreased from the last year.

Table 5.3 also presents the SMAM by some selected background characteristics of the survey population. These include, among others, the residence, administrative divisions, religion, level of education and wealth quintile. By and large, these estimates are similar in patterns but differ in levels for obvious reasons.

As said earlier, SMAM is an indirect measure of age at first marriage and hence it is likely to be different from the mean and median ages. If direct data on age marriage are available, the computation of SMAM is considered to be redundant.

Table 5.3: Singulate Mean Age at Marriage (SMAM), mean age at first marriage (MAM) and median age at first marriage and by sex and background characteristics, SVRS 2022

Background Characteristics	Singulate mean age at marriage		Mean age at first marriage		Median age at first marriage	
	Male	Female	Male	Female	Male	Female
Residence						
Rural	24.82	19.07	23.7	18.1	23	18
Urban	25.84	20.56	25.2	19.6	25	19
Division						
Barishal	24.91	18.9	23.5	17.9	23	17
Chattogram	26.03	19.64	25.1	18.8	25	18
Dhaka	25.4	19.66	24.6	18.5	24	18
Khulna	24.67	18.72	23.6	18.1	23	17
Mymensingh	24.05	19.32	22.5	17.8	22	17
Rajshahi	24.02	18.49	23.4	17.6	23	17
Rangpur	23.81	18.81	22.8	17.8	22	17
Sylhet	27.42	22.16	25.8	20.8	25	20
Religion						
Muslim	24.77	19.31	23.8	18.2	23	18
Hindu	27.51	20.49	26.2	19.7	26	19
Others	26.84	22.69	25.7	20.9	24	20
Education						
No Education	23.38	20.24	23.4	19.3	22	19

Background Characteristics	Singulate mean age at marriage		Mean age at first marriage		Median age at first marriage	
	Male	Female	Male	Female	Male	Female
Primary comp	23.11	17.93	23.1	17.2	22	17
Secondary	24.09	18.26	23.0	17.2	22	17
Above Secondary	26.84	20.83	25.5	22.1	25	22
Wealth Quintile						
Poorest	23.82	18.87	21.7	17.2	21	17
Poorer	24.46	18.90	23.2	17.9	23	17
Middle	24.83	19.02	24.1	18.3	23	18
Richer	25.63	19.55	24.8	19.1	24	18
Richest	27.57	21.42	26.9	21.1	27	20
Total	25.07	19.45	24.0	18.4	23	18

৫.৫.৩ বিবাহের গড় বয়স ও মধ্যমা বয়স (এমএএম)

যারা এখনও বিয়ে করেননি এবং কখনও বিবাহ করেননি (বর্তমানে বিবাহিত, বিধবা ও তালাকপ্রাপ্ত) এবং যারা ২০২২ সালে বিবাহের জন্য প্রস্তুত ছিলেন, তাদের লিঙ্গভিত্তিক গড় এবং মধ্যমা বয়স সারণি ৫.৪ ও ৫.৫-এ উপস্থাপন করা হয়েছে। জরিপের সময় স্পষ্টতই যারা অবিবাহিত ছিলেন (কখনও বিয়ে করেননি) বলে জানিয়েছেন, তাদের বয়সের ওপর ভিত্তি করেই অবিবাহিতকালীন গড় বয়স হিসাব করা হয়েছে। এ বয়সটিই প্রথম বিবাহের গড় বয়স হিসেবে বিবেচিত হবে। স্বাভাবিকভাবেই এ গড়টি উল্লেখিত সারণিতে উপস্থাপিত অন্যান্য সব উপায়ের চেয়ে সর্বদা ছোট হবে। সারণি ৫.৪-এ পুরুষদের মধ্যে যেমনটি দেখা যায় যে, বিবাহের সময় সবচেয়ে বেশি গড় বয়স পাওয়া গেছে যারা বিপত্নীক (৪৬.৮ বছর) ও দাম্পত্য বিচ্ছিন্নকারীদের (৩২.২ বছর) এবং বিবাহের সময় সর্বনিম্ন গড় বয়স পাওয়া গেছে অবিবাহিত পুরুষদের (২৪.০ বছর)। বছর যারা অন্তত একবার হলেও বিয়ে করেছেন, এমন পুরুষ জনগোষ্ঠীর মধ্যে বর্তমানে বিবাহিত পুরুষদের বিবাহের সময়ে সর্বনিম্ন গড় বয়স পাওয়া গেছে ২৫.১ বছর।

5.5.3 Mean and Median Age at Marriage (MAM)

The mean and median ages for those who were single, and ever married (currently married, widowed and divorced), and went on for the subsequent marriages in 2022 are also presented in Tables 5.4 and 5.5 by sex. Clearly, age at marriage calculated from those who were reported to be single (never married) at the time of the survey, will be identical to the mean age at first marriage. Naturally, this mean will be always smaller than all other means presented in tables under reference. Among the males, as observed in Table 5.4, widowed (46.8 years) followed by the separated (32.2 years) have the highest mean age at marriage, the least being 24.0 years for single males. Married males have the lowest (25.1 years) mean age at marriage among the ever-married males.

Table 5.4: Percent Distribution of the Age at Marriage by Previous Marital Status, SVRS 2022: Males

Age at marriage	Never Married	Married	Widowed	Divorced	Separated	Total
10-14	0.3	0.5	0.0	0.2	0.0	0.3
15-19	17.3	16.2	1.1	4.8	3.4	15.8
20-24	41.3	37.7	3.8	22.0	14.3	38.1
25-29	27.7	27.4	9.0	24.3	25.2	26.9
30-34	10.7	11.2	9.4	20.0	17.3	11.4
35-39	2.1	3.4	9.2	17.1	23.8	3.6
40-44	0.4	1.5	10.8	4.8	5.2	1.2
45+	0.2	2.2	56.6	6.9	11.0	2.6

Total	100.0	100.0	100.0	100.0	100.0	100.0
Mean age at marriage	24	25.1	46.8	30.6	32.2	25.3
Median age	23	24	48	29	31	24

বিবাহের সময়কার বয়স অনুসারে মহিলাদের বন্টন অনুপাত পুরুষদের মতো একই রকম। বিবাহের সময় বিধবা নারীদের গড় বয়স সবচেয়ে বেশি; ৩৪.৭ বছর। এর পরের অবস্থানে আছেন দাম্পত্য বিচ্ছিন্নকারী নারীরা। বিবাহের সময় তাদের গড় বয়স রেকর্ড করা হয়েছে ২৫.৬ বছর।

The distribution of females by age at marriage shows patterns in age at marriage similar to the males. The widowed women have the highest (34.7 years) mean age at marriage followed by separated women (25.6 years).

Table 5.5: Percent distribution of the age at marriage by previous marital status, SVRS 2022: Females

Age at marriage	Never Married	Married	Widowed	Divorced	Separated	Total
10-14	11.07	10.47	0.00	1.58	0.00	10.43
15-19	59.19	58.05	7.32	26.02	35.42	57.03
20-24	22.84	21.92	14.66	35.69	26.33	23.17
25-29	5.80	7.35	16.90	17.36	13.40	6.69
30-34	0.93	1.64	14.00	11.66	8.77	1.66
35-39	0.14	0.36	15.13	5.70	2.93	0.57
40-44	0.02	0.08	13.22	0.97	4.39	0.20
45+	0.00	0.13	18.77	1.02	8.76	0.26
Total	100.0	100.0	100.0	100.0	100.0	100.0
Mean age at marriage	18.4	18.7	34.7	23.8	25.6	18.8
Median age	18	18	32	22	22	18



৫.৫.৪ অপ্রাপ্ত বয়স্ক/বাল্য বিবাহ

১৮ বছর বয়সের আগে বিবাহ মানবাধিকারের মৌলিক লঙ্ঘন হিসেবে বিবেচিত। বাল্যবিবাহ একজন মেয়ের সার্বিক উন্নয়ন বাধাগ্রস্ত করে। এর ফলে কম বয়সে গর্ভধারণ ও সামাজিক বিচ্ছিন্নতা, স্কুলে যাওয়া বাধাগ্রস্ত হওয়া, কর্মক্ষেত্রে যুক্ত হওয়ার সুযোগ ও বৃত্তিমূলক উন্নতির সুযোগ সীমিতকরণ এবং স্বামী দ্বারা সহিংসতার শিকার হওয়ার ঝুঁকি বেড়ে যায়। অনেক সংস্কৃতিতে প্রত্যাশা করা হয়, বয়ঃসন্ধিকালেই মেয়েরা তাদের নারী জেন্ডারভিত্তিক ভূমিকাগুলো গ্রহণ করবে। নারীর জেন্ডারকেন্দ্রিক ভূমিকার মধ্যে অন্যতম হচ্ছে বৈবাহিক সম্পর্কে জড়ানো ও মা হওয়া। বাল্যবিবাহের চর্চা লিঙ্গবৈষম্যের একটি প্রত্যক্ষ বহিঃপ্রকাশ। বেশ কয়েকটি আন্তর্জাতিক সনদ (কনভেনশন) ও চুক্তিতে বাল্যবিবাহের বিষয়টি সুরাহা করা হয়েছে। যদিও শিশু অধিকার-সংক্রান্ত সনদে সরাসরি ‘বিবাহ’ শব্দটি উল্লেখ করা হয় নি, তবে বাল্যবিবাহ অন্যান্য অধিকারের সঙ্গে সম্পর্কযুক্ত; যেমন- মত প্রকাশের স্বাধীনতার অধিকার, সব ধরনের নির্যাতন থেকে সুরক্ষার অধিকার এবং বিপজ্জনক সামাজিক প্রথা থেকে রক্ষা পাওয়ার অধিকার। ‘বাল্যবিবাহ নিরোধ আইন, ২০১৭’-এর অধীনে বাংলাদেশে একজন নারীর জন্য বিবাহের আইনগত বয়স ১৮ বছর।

5. 5.4 Early/Child Marriage

Marriage before the age of 18 years of age is a fundamental violation of human rights. Child marriage often compromises a girl's development by resulting in early pregnancy and social isolation, interrupting her schooling, limiting her opportunities for career and vocational advancement, and placing her at increased risk of violence to be perpetrated by husband. In many cultures, girls reaching puberty are expected to assume gender roles associated with womanhood. These include entering a marital relationship and becoming a mother. The practice of early/child marriage is a direct manifestation of gender inequality. The issue of child marriage is addressed in several international conventions and agreements. Although marriage is not mentioned directly in the Convention on the Rights of the Child, child marriage is linked to other rights– such as the right to freedom of expression, the right to protection from all forms of abuse, and the right to be protected from harmful traditional practices. Under the Child Marriage Restraint Act, 2017, the legal age of marriage in Bangladesh is 18 years for a female.

Definition 5.4: Early/Child Marriage is an estimate of proportion of women aged 20-24 years who were married before age 15 and before age 18. The method of computation of early/child marriage is number of women aged 20-24 who were first married before age 15 (or before age 18) divided by the total number of women aged 20-24 in the population multiplied by a 100.

বাংলাদেশ বিবাহের সম্মতি, বিবাহের জন্য ন্যূনতম বয়স এবং বিবাহ নিবন্ধন-সংক্রান্ত জাতিসংঘ সনদে স্বাক্ষরকারী দেশ। এ সনদে স্বাক্ষরকারী রাষ্ট্রসমূহকে বিবাহ সম্পন্ন করার ক্ষেত্রে উভয় পক্ষের সম্মতি এবং বিবাহের জন্য একটি আইনগত ন্যূনতম বয়স নিশ্চিত করার বিষয়টি প্রতিষ্ঠা করতে হবে। টেকসই উন্নয়ন অগ্রদর্শীরা (এসডিজি) ‘সূচক ৫.৩.১’-এ ২০-২৪ বছর বয়সী নারীদের মধ্যে যাদের ১৫ বছর বয়সের আগে এবং ১৮ বছর বয়সের আগে বিবাহ হয়েছে বা বিবাহের সম্বন্ধ নিশ্চিত হয়েছে, তাদের আনুপাতিক হার দেখানো হয়েছে। শিশু/বাল্যবিবাহ পরিমাপ করার ক্ষেত্রে ‘এসডিআরএস-২০২২’-এ এ সূচকটি ব্যবহার করা হয়েছে।

জরিপের ফলাফলে দেখা যাচ্ছে, ‘এসডিআরএস ২০২২’-এ ১৫ বছর বয়সের আগে বাল্যবিবাহের অনুপাত ‘এসডিআরএস ২০১১’-এর তুলনায় কিছুটা বৃদ্ধি পেয়েছে। ২০২১ সালে এ অনুপাত ছিল ৪.৭২ শতাংশ, যা ২০২২ সালে ৬.৪৬ শতাংশ বড়েছে। রাজশাহী বিভাগে শিশু/বাল্যবিবাহের পরিস্থিতি সবচেয়ে

Bangladesh is a signatory to the UN Convention on Consent to Marriage, Minimum Age for Marriage, and Registration of Marriages. This Convention requires signatory states to obtain consent from both parties entering into a marriage and to establish a legal minimum age for marriage. Sustainable Development Goals (SDGs) Indicator 5.3.1 measures the early/child marriage as Proportion of women aged 20–24 years who were married or in a union before age 15 and before age 18. SVRS 2022 has estimated the indicator to measure the early/child marriage.

The results show that in SVRS 2022, the proportion of early/child marriage before age 15 has increased to 6.46 percent from 4.72 in SVRS 2021. Rajshahi division is found most vulnerable in early/child marriage with 11.98 percent in case of marriage before age 15 followed by Khulna division with 9.38

নাজুকা এ বিভাগে ১৫ বছরের আগে বাল্যবিবাহের হার ১১.৯৮ শতাংশ। এক্ষেত্রে এর পরের অবস্থানে রয়েছে খুলনা বিভাগ। সেখানে এ অনুপাত ৯.৩৮ শতাংশ। সিলেট বিভাগে ১৫ বছর বয়সের আগে শিশু/বাল্যবিবাহের উপস্থিতি সবচেয়ে কম, মাত্র ১.০৪ শতাংশ। ১৮ বছর বয়সের আগে বাল্যবিবাহ 'এসভিআরএস ২০২১'-এর তুলনায় 'এসভিআরএস ২০২২'-এ কিছুটা বৃদ্ধি পেয়েছে। ২০২১ সালে এ হার ছিল ৩২.৩৬ শতাংশ, যা ২০২২-এ হয়েছে ৪০.৮৫ শতাংশ। রাজশাহী বিভাগে ১৮ বছরের আগে বাল্যবিবাহের উপস্থিতি সবচেয়ে বেশি পরিলক্ষিত হয়েছে। এ বিভাগে ১৮ বছরের আগে মেয়েদের বিবাহের অনুপাত ৫২.২১ শতাংশ। এর পরের অবস্থানে থাকা বরিশাল বিভাগে এ বিবাহের অনুপাত ৪৯.৮৭ শতাংশ। অন্যদিকে সিলেট বিভাগে ১৮ বছর বয়সের আগে শিশু/বাল্যবিবাহের হার সবচেয়ে কম, মাত্র ১৪.৮৬ শতাংশ পাওয়া গেছে। বাল্যবিবাহের ঘটনা আকস্মিক বৃদ্ধির ক্ষেত্রে কোভিড-১৯ একটি প্রেষণা হিসেবে কাজ করেছে বলে বিবেচনা করা হচ্ছে। মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ (ডিএসএইচই) এবং জাতিসংঘের জনসংখ্যা তহবিল (ইউএনএফপিএ) কর্তৃক প্রকাশিত একটি প্রতিবেদন থেকেও এ বিষয়টি স্পষ্ট যে, কোভিড-১৯ মহামারী চলাকালীন বাল্যবিবাহের হার বেড়ে যাওয়ায় বিদ্যালয়ে মেয়ে শিক্ষার্থীদের অনুপস্থিতি হ্রাস পেয়েছে।

'সারণি ৫.৬' থেকে এটাও স্পষ্ট যে, বাংলাদেশে খানার সম্পদের মালিকানাভিত্তিক শ্রেণিবিভাজনের সঙ্গে শিশু/বাল্যবিবাহের একটি নেতিবাচক সম্পর্ক বিদ্যমান। দরিদ্রতম শ্রেণিভুক্ত খানাসমূহে বাল্যবিবাহের অনুপাত সবচেয়ে বেশি এবং ধনী শ্রেণির খানাগুলোর মধ্যে ধীরে ধীরে এ অনুপাত হ্রাস পেতে দেখা যায়। মুসলিমদের মধ্যে শিশু/বাল্যবিবাহ অন্যান্য ধর্মের তুলনায় বেশি পরিলক্ষিত হয় (১৫ বছর বয়সের আগে ৬.৭৮ শতাংশ এবং ১৮ বছর বয়সের আগে ৪২.২০ শতাংশ)। কর্মসংস্থানের বিবেচনায় দেখা যায়, শিশু/বাল্যবিবাহের শিকার মেয়েদের বেশিরভাগই গৃহস্থালির কাজে নিয়োজিত (১৫ বছর বয়সের আগে যাদের বিবাহ হয়েছে তাদের মধ্যে গৃহস্থালিতে নিযুক্ত ৭.৭১ শতাংশ এবং ১৮ বছরের কম বয়সীদের মধ্যে ৪৮.৫৩ শতাংশ)। ক্ষুদ্র নৃগোষ্ঠী-বহির্ভূত জনগোষ্ঠীর মধ্যে নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর তুলনায় শিশু/বাল্যবিবাহের অনুপাত বেশি পরিলক্ষিত হয়, যদিও মাহালি, মণিপুরী প্রভৃতি নৃ-তাত্ত্বিক গোষ্ঠীর মধ্যে ১৫ ও ১৮ বছর বয়সের আগে শিশু/বাল্যবিবাহের উচ্চ হার পরিলক্ষিত হয়।

percent. Sylhet division possess the lowest prevalence of early/child marriage before age 15 with only 1.04 percent. Early Marriage before age 18 has increased to 40.85 percent in SVRS 2022 from 32.36 percent in SVRS 2021. Rajshahi division is found most prevalent in early/child marriage with 52.21 percent in case of marriage before age 18 followed by Barishal Division with 49.87 percent. Again, Sylhet Division found with the lowest prevalence of early/child marriage before age 18 with only 14.86 percent. The sudden increase of early marriage is being considered as a pushing factor of COVID-19 affect. It is also evident from a report published by Department of Secondary and Higher Education (DSHE) and United Nations Population Fund (UNFPA) that a good number of your girl students found absent in the schools due to early marriage during COVID-19 pandemic.

It is also evident from the Table 5.6 that early/child marriage is negatively correlated with the wealth quintile of the households with higher rates among poorest quintile and gradually lower across the richest quintiles. Early/child marriage among Muslims were found to be the highest (before age 15 with 6.78 percent and before age 18 with 42.20 percent) than other religions. In the case of employment most of the victims of early/child marriage women were found to remain engaged in household chores (before age 15 with 7.71 percent and before age 18 with 48.53 percent). Non-ethnic groups are more vulnerable in early/child marriage than the ethnic groups though few of the ethnic communities Mahali, Manipuri, etc. are found with high rates of early/child marriage both for before age 15 and age 18.




Table 5.6: Proportion of women aged 20–24 years who were married before age 15 years and before age 18 years, SVRS 2022

Particulars	Marriage Before Age 15	Marriage Before Age 18
Division		
Barishal	7.62	49.87
Chattogram	3.30	35.44
Dhaka	6.45	41.08
Khulna	9.38	47.81
Mymensingh	5.93	40.06
Rajshahi	11.98	52.21
Rangpur	7.68	46.51
Sylhet	1.04	14.86
Wealth Quintile		
Poorest	8.01	49.42
Poorer	7.88	46.04
Middle	7.37	43.26
Richer	5.49	38.10
Richest	2.90	24.95
Religion		
Muslim	6.78	42.20
Hindu	4.14	30.70
Christian	0.00	20.27
Buddhist	0.50	10.44
Others	3.35	63.79
Employment Status		
Employed	5.82	33.57
Household chores	7.71	48.53
Looking for Job	0.65	10.56
Don't Work	1.09	8.71
Ethnicity Status		
Ethnic	0.73	25.22
Non-ethnic	6.54	41.05
Total	6.46	40.85



Figure 5.3: Proportion of women aged 20–24 years who were married or in a union before age 15 and before age 18 by Division, SVRS 2022



৫.৬ বিবাহবিচ্ছেদ: তালাক ও দাম্পত্য বিচ্ছিন্ন

তফসিল-৬ ব্যবহার করে তালাক ও দাম্পত্য বিচ্ছিন্নের বিষয়ে তথ্য সংগ্রহ করা হয়েছিল। এ তফসিল ব্যবহার করে যেসব তথ্য সংগ্রহ করা হয়েছিল, তার মধ্যে রয়েছে তালাক/দাম্পত্য বিচ্ছিন্নকারী ব্যক্তির নাম ও কোড, লিঙ্গ, বয়স, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা, তালাক/দাম্পত্য বিচ্ছিন্নের কারণ, বৈবাহিক অবস্থা, বিবাহের সময়কার বয়স ও দাম্পত্য জীবনের সময়কাল। তালাক/দাম্পত্য বিচ্ছিন্নের তফসিল (তফসিল ৬) থেকে নিম্নলিখিত সূচকগুলো তৈরি হয়েছিল:

- (১) স্থূল তালাকের হার;
- (২) স্থূল দাম্পত্য বিচ্ছিন্নের হার;
- (৩) তালাক-দাম্পত্য বিচ্ছিন্নের হার;
- (৪) বয়ঃনির্দিষ্ট বিবাহবিচ্ছেদের হার;
- (৫) বয়ঃনির্দিষ্ট দাম্পত্য বিচ্ছিন্নের হার;
- (৬) সাধারণ তালাকের হার; এবং
- (৭) সাধারণ দাম্পত্য বিচ্ছিন্নের হার।

5.6 Marriage Dissolution: Divorce and Separation

Data on divorce and separation were collected employing Schedule-6. The data collected using this schedule include name and code of divorce/separated persons, sex, age, religion, level of education, reason for divorce/separation, marital status, age at marriage and duration of marriage. The following indicators were generated from the divorce/separation schedule (Schedule 6):

- (1) Crude divorce rate;
- (2) Crude separation rate;
- (3) Divorce-marriage separation rate;
- (4) Age-specific divorce rate;
- (5) Age-specific separation rate;
- (6) General divorce rate; and
- (7) General separation rate.

৫.৬.১ স্থূল তালকের হার

পূর্ববর্তী সমস্ত এসভিআরএস জরিপে প্রতি ১,০০০ জনসংখ্যার বিপরীতে বিবাহবিচ্ছেদের সংখ্যাকে স্থূল তালক হার হিসেবে গণ্য করা হয়েছে। স্থূল তালক হারের অনুরূপভাবে স্থূল দাম্পত্য বিচ্ছিন্নের হারও নির্ধারণ করা হয়েছে প্রতি ১,০০০ জনসংখ্যার বিপরীতে দাম্পত্য বিচ্ছিন্নকারী ব্যক্তিদের সংখ্যার দ্বারা।

5.6.1 Crude Divorce Rate

In all previous SVRSs, the crude divorce rate has been calculated as the number of divorces per 1000 population. Following the way, the crude divorce rate has been calculated, the crude separation rate has also been calculated as the number of separations per 1000 population.

Definition 5.5: Crude divorce rate is a relative number of divorces per 1000 population.

‘সারণি ৫.৭’-এ এসভিআরএস ২০২২ জরিপ থেকে প্রাপ্ত স্থূল তালক ও স্থূল দাম্পত্য বিচ্ছিন্নের অনুপাত দেখানো হয়েছে। উল্লেখ্য, ২০২২ সালে প্রতি ১,০০০ জনসংখ্যার বিপরীতে তালকের অনুপাত ছিল ১.৪। আগের বছরের তুলনায় এ ফলাফল কিছুটা পরিবর্তন হয়েছে। পূর্ববর্তী বছরে এ তালকের অনুপাত ছিল প্রতি ১,০০০-এর বিপরীতে ০.৭৩।

দাম্পত্য সম্পর্ক ছিন্ন করার জন্য তালকের ব্যবস্থাকে গ্রহণের হার পল্লি অঞ্চলের মানুষের মধ্যে শহরের মানুষের তুলনায় প্রায় ৫০ শতাংশ বেশি। আগের বছরের হারের সঙ্গে তুলনা করলে দেখা যায়, জরিপে অন্তর্ভুক্ত মানুষের মধ্যে তালকের ঝুঁকি গত বছরের তুলনায় পরিবর্তিত হয়েছে।

বিগত বছরের হিসাবে দেখা গেছে, রাজশাহী বিভাগে তালকের হার সবচেয়ে বেশি। এ বিভাগে প্রতি হাজার জনসংখ্যার বিপরীতে তালকের অনুপাত ২.২ জন। এর পরের অবস্থানে রয়েছে খুলনা বিভাগ। বিভাগটিতে প্রতি হাজারের বিপরীতে তালকের হার ২.০ জন। চট্টগ্রাম বিভাগে এ হার সর্বনিম্ন। সেখানে প্রতি হাজার জনসংখ্যার বিপরীতে তালকের হার ০.৮।

অন্যান্য জনমিতিক ব্যবস্থার সামঞ্জস্য নিশ্চিত করে দেখা যায়, মুসলিমদের মধ্যে তালকের মাধ্যমে বিবাহবন্ধন ছিন্ন করার হার সর্বোচ্চ; প্রতি ১,০০০ জনসংখ্যার বিপরীতে ১.৫ জন। হিন্দুদের মধ্যে এ অনুপাত ০.২। হিন্দু বিবাহ যেহেতু একটি পূর্বনির্ধারিত মিলন এবং তলাক বা বিবাহবিচ্ছেদের মাধ্যমে তা বিলুপ্তির সুযোগ খুব কম থাকায় তাদের মধ্যে এ হারের উপস্থিতি কমা খ্রিস্টান ও অন্যদের মধ্যে বিবাহবিচ্ছেদের অনুপাত মুসলিম ও হিন্দুদের মাঝামাঝি পর্যায়ে অবস্থান করছে। তাদের মধ্যে এ হার প্রতি হাজারে ০.৮ জন। মোটাদাগে, নারীদের শিক্ষাগত যোগ্যতা বৃদ্ধির সঙ্গে স্থূল তালক হার বৃদ্ধি পাওয়ার একটি ইতিবাচক সম্পর্ক পাওয়া গেছে। এক্ষেত্রে দেখা যায়, নারীদের শিক্ষার স্তর যত বেশি ওপরে, বিবাহবিচ্ছেদের হার তত বেশি।

৫.৬.২ বিবাহবিচ্ছেদ-বিবাহ অনুপাত

বিবাহবিচ্ছেদের আরেকটি পরিমাপ হলো বিবাহ ও তালকের অনুপাত। এটি জরিপের প্রদত্ত বছরে সংঘটিত বিবাহের সংখ্যার বিপরীতে তালকের সংখ্যাকে নির্দেশ করে (এটিকে স্থূল বিবাহের বিপরীতে স্থূল তালক অনুপাত হিসেবে আখ্যায়িত করা হয়)।

Crude divorce rates and separation rates as obtained from SVRS 2022 are shown in Table 5.7. Note that, 1.4 in every 1000 population in 2022, experienced divorce; result has been changed from the previous year. It was 0.73 in the previous year.

The rural people are about 50 percent more likely than their urban counterparts to end their marriage in divorce. Comparison with previous year's rate reveals that risk of divorce in the survey population has been changed since last year.

Rajshahi division, as of previous year, is seen to experience the highest rate of divorce (2.2 per thousand population) followed by Khulna (2.0). The rate is the lowest in Chattogram division with a prevalence of 0.8 per thousand population.

In line with other demographic measures, Muslims are more prone to end their marriage in divorce with a rate of 1.5 per 1000 population. The corresponding rate among the Hindus is 0.2. It is largely due to the fact that Hindu marriage is a pre-ordained union and there is little scope for dissolution by divorce. Christians and others however have an intermediate rate of divorce (0.8) falling between the Muslims and the Hindus. The educational level of women by and large appears to have a positive association with crude divorce rate: the higher the level of education, the higher is the rate of divorce.

5.6.2 Divorce-Marriage Ratio

Another measure of divorce is the divorce to marriage ratio, which is the number of divorces to the number of marriages in a given year (the ratio of the crude divorce rate to the crude marriage rate).

উদাহরণস্বরূপ, যদি জরিপ এলাকায় কোনো নির্দিষ্ট বছরে ৫০০টি তালাক ও ১,০০০টি বিবাহ হয়, তবে অনুপাতটি হবে প্রতি দুটি বিবাহের বিপরীতে একটি তালাক হবে; অর্থাৎ অনুপাত ০.৫ (৫০%)। জনসংখ্যার কিছু মৌলিক বৈশিষ্ট্যাবলির ভিত্তিতে এ পদ্ধতি ব্যবহার করে প্রণীত অনুপাতগুলো সারণি ৫.৭-এ উপস্থাপন করা হয়েছে। ২০২২ সালের নমুনা এলাকার সার্বিক বিবাহবিচ্ছেদের অনুপাত দাঁড়িয়েছে ০.১, অর্থাৎ ওই এলাকায় ১০ শতাংশ বিবাহবিচ্ছেদে পর্যবসিত হয়েছে। জরিপের এ ফলাফল বলছে, ২০২১ সালের তুলনায় জরিপের অন্তর্ভুক্ত সাধারণ জনসংখ্যার মধ্যে বিবাহবিচ্ছেদের ঝুঁকি বেড়েছে, যা প্রায় ৫০ শতাংশ শহর ও পল্লি অঞ্চলের বাসস্থানের ভিত্তিতে তালাকের এ অনুপাত একই ০.১। এছাড়া প্রশাসনিক বিভাগগুলোর মধ্যে বিবাহবিচ্ছেদের এ চিত্রে ভিন্নতা পাওয়া যায়নি। এতে দেখা যায়, প্রায় সব বিভাগে বিবাহবিচ্ছেদের হার সবচেয়ে সমান। এর বিপরীতে বিচ্ছেদের হার সর্বনিম্ন চট্টগ্রাম বিভাগে সেখানে এ হার প্রায় শূন্য। ধর্মের ভিত্তিতেও বিচ্ছেদের এ হারে পরিবর্তন দেখা যায়। এক্ষেত্রে দেখা যায়, মুসলিমদের মধ্যে তালাকের ঝুঁকির হার ০.১। অন্যদিকে হিন্দুদের মধ্যে বিবাহবিচ্ছেদের অনুপাত সবচেয়ে কমা অন্যান্য ধর্মের অনুসারীদের ক্ষেত্রে এ হার পাওয়া গেছে ০.১। তালাকের হারের সঙ্গে শিক্ষার একটি নেতিবাচক সম্পর্ক রয়েছে। জরিপে দেখা গেছে, যাদের মধ্যে ন্যূনতম শিক্ষা নেই, তাদের মধ্যে এ হার ০.৩ এবং যাদের মাধ্যমিক বা তার ওপরের স্তরের শিক্ষা রয়েছে, তাদের মধ্যে এ হার ০.১। ২০২২ সালের জরিপের ফলাফল ২০২১ সালের ফলাফলের সঙ্গে অত্যন্ত সঙ্গতিপূর্ণ।

৫.৬.৩ সাধারণ বিবাহবিচ্ছেদের হার (জিডিআর)

সাধারণ বিবাহবিচ্ছেদের হার (জিডিআর) বলতে ১৫ বছরের উর্ধ্বের একই বয়সের প্রতি ১,০০০ জনসংখ্যার বিপরীতে হিসাব করা বিবাহবিচ্ছেদের আপেক্ষিক সংখ্যাকে নির্দেশ করে।

For example, if there are 500 divorces and 1000 marriages in a given year in a given area, the ratio would be one divorce for every two marriages, e.g., a ratio of 0.5 (50%). The ratios calculated in this fashion are also presented in Table 5.7 by the background characteristics of the population. The overall divorce to marriage ratio for the 2022 sample is 0.1, meaning that 10 percent of the marriages in the areas ended in divorce. This result shows that risk of divorce among the general population has slightly decreased by about 50 percent in one year since 2021. This ratio is same for urban and rural residence (0.1), while no variations did exist among the administrative divisions, the risk is same for almost all division and the lowest rate was recorded in Chattogram division. The risk significantly varies by religious affiliation being highly prevalent among the Muslims (0.1). Hindus appear to experience the least risk of divorce. Followers of other religions had a rate of 0.1. The education has a negative relationship with the risk factor in question: 0.3 among those who have no education and 0.1 among those who have secondary and above level of education. The results of 2022 are highly consistent with results of 2021.

5.6.3 General Divorce Rate (GDR)

The General Divorce Rate (GDR) has been calculated as relative number of divorces of age 15+ per 1000 population of the same age.

Definition 5.6: General divorce rate is a relative number of divorces of population of age 15 years and per 1000 population of the same group.

‘সারণি ৫.৭’-এ লিঙ্গ ও প্রশাসনিক বিভাগের ভিত্তিতে সাধারণ বিবাহবিচ্ছেদের হার উপস্থাপন করা হয়েছে। এতে দেখা যাচ্ছে, নারী-পুরুষ উভয় লিঙ্গের ক্ষেত্রে জিডিআর মান ১.৯০। তবে দুই লিঙ্গের মধ্যে পৃথক বিচ্ছেদের হারে কিছুটা ভিন্নতা রয়েছে। এক্ষেত্রে পুরুষের জন্য হারটি ৩.৮ এবং নারীদের জন্য ৩.৬। বড় ধরনের লিঙ্গভিত্তিক ভিন্নতা ছাড়াই জিডিআর পরিমাপে পল্লি ও শহরের মধ্যে বড় ধরনের ব্যবধান লক্ষ করা গেছে। শহরাঞ্চলে এ হার রেকর্ড করা হয়েছে ১.৪। পল্লি অঞ্চলে শহরের তুলনায় হারটি অনেক বেশি, ২.০। পুরুষ ও নারী উভয় লিঙ্গের ক্ষেত্রেই জিডিআর হারে ব্যাপক আঞ্চলিক তারতম্য বিদ্যমান। সারণি ৫.৭-

General Divorce Rate by sex and division are presented in Table 5.7. The overall GDR is 1.90 for both sexes, there being little sex differential (3.8 for male and 3.6 for female).

The GDR is much higher in rural areas (2.0) compared to urban areas (1.4) without recording notable variation by sex. The rate appears to have wide regional variations for both males and females. An examination of the results presented in Table 5.7 reveals that Rajshahi division experiences the highest GDR, 5.9 for males and 5.8 for females

এ ফলাফলের একটি তুলনামূলক চিত্র তুলে ধরা হয়েছে। তাতে দেখা যায়, রাজশাহী বিভাগে জিডিআর অনুপাত সবচেয়ে বেশি। বিভাগটিতে পুরুষের জিডিআর ৫.৯ এবং নারীদের ৫.৮। এর পরের অবস্থানে রয়েছে খুলনা বিভাগ। বিভাগটিতে পুরুষদের জিডিআর অনুপাত ৫.৩ এবং নারীদের ৫.১। অন্যদিকে চট্টগ্রাম বিভাগে এ হার সর্বনিম্ন। সেখানে পুরুষদের জিডিআর অনুপাত ২.৬ এবং নারীদের ২.৩।

ধর্মভিত্তিক হিসাবে দেখা যায়, পুরুষ ও নারীদের মধ্যে কিছুটা ব্যবধানসহ মুসলিমদের মধ্যে জিডিআর অনুপাত সর্বোচ্চ, ২.১। হিন্দুদের মধ্যে জিডিআর অনুপাতের উপস্থিতির হার ০.৩ এবং অন্যান্য ধর্মের অনুসারীদের মধ্যে তা ১.০।

followed by Khulna division (5.3 for males and 5.1 for females) while the lowest rate (2.6 for males and 2.3 for females) was reported in Chattogram division.

In relation to religion, Muslims have the highest GDR (2.10) with little male-female differential. The Hindus have the lowest GDR (0.3), and the followers of other religions have GDR 1.0.

Table 5.7: Crude divorce rate, divorce-marriage ratio and general divorce rate by background characteristics, SVRS 2022

Background Characteristics	Crude divorce rate	Crude marriage rate	Divorce-marriage ratio	General Divorce Rate		
				Both sexes	Male	Female
Locality						
Rural	1.5	19.5	0.1	2.0	4.2	3.9
Urban	1.0	13.8	0.1	1.4	2.8	2.7
Division						
Barishal	1.4	17.3	0.1	1.9	3.8	3.8
Chattogram	0.8	18.3	0.0	1.2	2.6	2.3
Dhaka	1.1	15.6	0.1	1.5	3.1	3.0
Khulna	2.0	18.9	0.1	2.6	5.3	5.1
Mymensingh	1.2	19.7	0.1	1.7	3.5	3.4
Rajshahi	2.2	20.6	0.1	2.9	5.9	5.8
Rangpur	1.5	20.3	0.1	2.1	4.2	4.2
Sylhet	0.9	16.6	0.1	1.3	2.8	2.4
Religion						
Muslim	1.5	18.7	0.1	2.1	4.3	4.0
Hindu	0.2	14.1	0.0	0.3	0.6	0.6
Others	0.8	11.6	0.1	1.0	2.1	2.0
Education						
No Education	1.0	3.1	0.3	1.1	2.5	1.9
Primary	1.4	9.9	0.1	2.2	4.2	4.7
Secondary	1.6	29.4	0.1	1.9	4.2	3.5
Above Secondary	2.4	48.5	0.0	2.3	4.0	5.7
Others/non-ins.	0.6	10.5	0.1	3.9	7.1	8.5
Wealth Quintile						
Poorest	1.8	17.9	0.1	2.1	4.2	4.1
Poorer	1.3	20.1	0.1	2.1	4.2	4.2
Middle	1.1	20.0	0.1	2.2	4.4	4.2
Richer	2.1	17.2	0.1	1.7	3.5	3.2
Richest	2.8	14.1	0.2	1.1	2.4	2.2
Total	1.4	18.1	0.1	1.9	3.8	3.6

৫.৬.৪ বয়ঃনির্দিষ্ট বিবাহবিচ্ছেদের হার

একটি নির্দিষ্ট বয়সভিত্তিক জনগোষ্ঠীর প্রতি ১,০০০ জনসংখ্যার বিপরীতে সমবয়সের জনগোষ্ঠীর বিবাহবিচ্ছেদের আপেক্ষিক অনুপাতকে বয়ঃনির্দিষ্ট বিবাহবিচ্ছেদের হার হিসেবে সংজ্ঞায়িত করা হয়। ২০২২ সালের জরিপ থেকে প্রাপ্ত বয়ঃনির্দিষ্ট বিবাহবিচ্ছেদের হার সারণি ৫.৮-এ দেখানো হয়েছে। এ-সংক্রান্ত বিশ্লেষণ থেকে দেখা যায়, বয়সের ধরনের সঙ্গে সঙ্গে পুরুষের তালকের ধরনে এক ধরনের ভিন্নতা প্রত্যক্ষ করা যায়, যা একটি বক্ররেখায় প্রকাশযোগ্য। শহর ও পল্লি উভয় অঞ্চলের ক্ষেত্রেই এ বিষয়টি প্রযোজ্য। বিবাহযোগ্য বয়সকালীন জীবনের প্রারম্ভিক বছরগুলোয় এ হারগুলো বেশি থাকে, যা বয়স বাড়ার সঙ্গে সঙ্গে হ্রাস পেতে থাকে। এ-সংক্রান্ত তালক ব্যবস্থার চিত্রটি বয়সের সঙ্গে একটি স্পষ্ট নেতিবাচক সম্পর্ক প্রদর্শন করে। তা হলো তালকের মাত্রাটি শুরু হয় উচ্চ অনুপাত দিয়ে এবং বয়স বাড়ার সঙ্গে সঙ্গে এটি দ্রুত হ্রাস পায়।

সারণিটিতে আরও দেখা যায়, সামগ্রিক বিবাহবিচ্ছেদের হার পল্লি এলাকায় শহরাঞ্চলের তুলনায় বেশি। শহরাঞ্চলে এটির হার ১.৬। অন্যদিকে পল্লি অঞ্চলে তা ২.১। এর পাশাপাশি পল্লি ও শহর উভয় ক্ষেত্রে পুরুষের তুলনায় নারীদের তালকের মুখোমুখি হওয়ার আশঙ্কা বেশি।

5.6.4 Age-Specific Divorce Rate

Age-Specific Divorce Rate for a specified age group has been calculated as the relative number of divorces of defined age groups per 1000 population of the same age group. Age Specific Divorce Rates as obtained in 2022, are shown in Table 5.8. The results of this investigation reveal that the rates in question for males follow a curvilinear pattern by age. It is true for both urban and rural population. During the early years of life, the rates are higher, which tend to decrease at advanced ages. The scenario demonstrates a clear negative relationship with age. Starting with a higher rate, it sharply declines as the age increases.

The table further reveals that the overall divorce rate is higher in rural areas (2.1) than in the urban areas (1.6). In addition to that, in both the areas, females are more likely to experience divorce than their male counterparts.

Table 5.8: Age Specific Divorce Rates by sex and residence, SVRS 2022

Age group	Rural			Urban		
	Male	Female	Both sex	Male	Female	Both sex
15-19	0.6	1.4	1.0	0.2	0.4	0.3
20-24	3.6	4.0	3.8	2.0	2.2	2.1
25-29	4.4	5.6	5.1	2.7	3.8	3.3
30-34	3.7	4.4	4.1	2.3	2.7	2.5
35+	1.0	1.1	1.1	1.0	1.3	1.1
Total	1.9	2.3	2.1	1.3	1.8	1.6

৫.৬.৫ স্থূল দাম্পত্য বিচ্ছিন্নের হার

প্রতি ১,০০০ জনসংখ্যার বিপরীতে যত সংখ্যক মানুষের দাম্পত্য বিচ্ছিন্ন ঘটে, তাদের সংখ্যাকে স্থূল দাম্পত্য বিচ্ছিন্নের হার হিসেবে সংজ্ঞায়িত করা হয়ে থাকে। এ বিষয়ে এ প্রতিবেদনে নিম্নলিখিত সংজ্ঞা অনুসরণ করা হয়েছে:

5.6.5 Crude Separation Rate

Crude separation rate may be defined as the number of separations per 1000 population. In this report the following definition has been followed:

Definition 5.6: General separation rates is a relative number of separations of population of age 15 years and per 1000 population of the same group.

জনসংখ্যার কিছু মৌলিক বৈশিষ্ট্যের ভিত্তিতে দাম্পত্য বিচ্ছিন্নের অনুপাত সারণি ৫.৯-এ তুলে ধরা হয়েছে। স্থূল দাম্পত্য বিচ্ছিন্নের হারের পরিপ্রেক্ষিতে বিশ্লেষণে দেখা যায়, জরিপের অন্তর্ভুক্ত জনসংখ্যার মধ্যে দাম্পত্য বিচ্ছিন্নের অভিজ্ঞতার সম্মুখীন

The ratio of separated based on some basic characteristics of the population is summarised in Table 5.9. In terms of the crude separation rate, 0.29-person of 1000 surveyed population is likely to experience separation as those who run the risk of

হয়েছেন এবং তারা তালাকের ঝুঁকিতে রয়েছেন প্রতি হাজারে ০.২৯ জন। লক্ষ্যণীয় যে, দাম্পত্য বিচ্ছিন্নের হারে শহর ও পল্লি অঞ্চলের মধ্যে সামান্য পার্থক্য বিদ্যমান। প্রতি ১,০০০ জনসংখ্যার বিপরীতে শহরে দাম্পত্য বিচ্ছিন্নের হার ০.২৫। পল্লি অঞ্চলে এটির হার ০.৩০। ৮টি বিভাগের মধ্যে স্থূল দাম্পত্য বিচ্ছিন্নের হার সবচেয়ে বেশি রাজশাহী বিভাগে। এ বিভাগে দাম্পত্য বিচ্ছিন্নের হার প্রতি ১,০০০ পপুলেশনের বিপরীতে ০.৩৭। অন্যদিকে সিলেট ও ময়মনসিংহ বিভাগে এ হার সবচেয়ে কম; ০.১৮। ধর্মীয় পরিচয়ের ভিত্তিতে দেখা যায়, মুসলিম জনগোষ্ঠীর মধ্যে এটির হার ০.২৯। অন্যান্য ধর্মের অনুসারীদের এ হার ০.৯২ এবং হিন্দুদের মধ্যে তা ০.১৬।

৫.৬.৬ সাধারণ দাম্পত্য বিচ্ছিন্ন অনুপাত

সাধারণ দাম্পত্য বিচ্ছিন্নের হার (জিএসআর) হলো প্রতি ১,০০০ জনসংখ্যার বিপরীতে দাম্পত্য বিচ্ছিন্নের ঝুঁকির মুখোমুখি হওয়া জনসংখ্যার সংখ্যা, যা সাধারণত একটি বছরের মাঝামাঝি সময়ে ১৫ বছর বা তদুর্ধ্ব বয়সের জনসংখ্যার ওপর হিসাব করা হয় এবং অঙ্কটিতে একই সংখ্যক জনগোষ্ঠীর দাম্পত্য বিচ্ছিন্ন অনুপাত দেখানো হয়। সামগ্রিকভাবে দাম্পত্য বিচ্ছিন্নের অনুপাতের মান দাঁড়িয়েছে ০.৪০। রাজশাহী বিভাগে জিএসআর অনুপাত সর্বোচ্চ ০.৫০। অন্য সব বিভাগে এ হার ০.২৫ থেকে ০.৪৯-এর মধ্যে অবস্থান করছে।

divorce. It may be noted that the urban and rural areas differ little in crude separation rates stands at 0.25 and 0.30 per 1000 population. Of the 8 divisions, Crude separation rate is higher in Rajshahi division (0.37) and lower in Sylhet and Mymensingh division (0.18). Among the religious groups, Hindus are less likely to go for separation (0.16) than the Muslims (0.29) and followers of other religions (0.92).

5.6.6 General Separation Rate

The general separation rate (GSR) is the number of separations per 1000 persons exposed to the risk of separation restricted generally to the mid-year population aged 15 and over with the same number of separations in the numerator. The overall general separation rate is estimated to be 0.40. The GSR is the highest in Rajshahi division (0.50). All other divisions have a rate ranging between 0.25 and 0.49.

Table 5.9: Crude separation rates and general separation rates (aged 15+) by sex and residence, SVRS 2022

Background Characteristics	Crude separation rate	Crude marriage rate	Separation-marriage ratio	General separation rate
Locality				
Rural	0.30	19.50	0.02	0.42
Urban	0.25	13.77	0.02	0.34
Division				
Barishal	0.30	17.32	0.02	0.41
Chattogram	0.33	18.31	0.02	0.49
Dhaka	0.32	15.62	0.02	0.44
Khulna	0.25	18.90	0.01	0.33
Mymensingh	0.18	19.71	0.01	0.25
Rajshahi	0.37	20.61	0.02	0.50
Rangpur	0.21	20.31	0.01	0.29
Sylhet	0.18	16.58	0.01	0.26
Religion				
Muslim	0.29	18.67	0.02	0.41
Hindu	0.16	14.13	0.01	0.21
Others	0.92	11.61	0.08	1.21
Education				
No Education	0.39	3.08	0.13	0.41
Primary	0.36	9.87	0.04	0.58
Secondary	0.28	29.40	0.01	0.32
Above Secondary	0.30	48.49	0.01	0.30
Others/non-ins.	0.06	10.46	0.01	0.35

Background Characteristics	Crude separation rate	Crude marriage rate	Separation-marriage ratio	General separation rate
Wealth Quintile				
Poorest	0.53	17.87	0.03	0.61
Poorer	0.23	20.05	0.01	0.38
Middle	0.20	20.00	0.01	0.39
Richer	0.37	17.19	0.02	0.30
Richest	0.70	14.11	0.05	0.28
Total	0.29	18.14	0.02	0.40

৫.৭ তালাক/দাম্পত্য বিচ্ছিন্নের কারণ

স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) ২০২২ সালে তালাক ও দাম্পত্য বিচ্ছিন্নের পেছনের কারণসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে। তালাক ও দাম্পত্য বিচ্ছিন্নের ক্ষেত্রে সর্বোচ্চ কারণ হিসেবে উল্লেখ করা হয়েছে পরকীয়া (২২.৬%); এরপরই রয়েছে দাম্পত্য জীবন পালনে অক্ষমতার কারণ (২২.১%)। অন্যান্য কারণগুলোর মধ্যে ভরণপোষণের ব্যয় বহন করতে অক্ষমতা/অস্বীকৃতি (১০.৬%) ও পারিবারিক চাপকে (১০.২%) সংঘটিত প্রতি পাঁচটি তালাক/দাম্পত্য বিচ্ছিন্নের মধ্যে ১টিরও বেশি জন্য দায়ী হিসাবে চিহ্নিত করা হয়েছে। পল্লি-শহরের ক্ষেত্রে তালাক/দাম্পত্য বিচ্ছিন্নের কারণগুলোর মধ্যে কয়েকটি ক্ষেত্রে ব্যবধান উল্লেখযোগ্য; এর মধ্যে রয়েছে জীবনযাত্রার ব্যয় বহন করতে অক্ষম/অস্বীকার করা (৯.৫% বনাম ১৫.৩%), যৌনমিলনে অক্ষমতা/অনীহা (৪.২% বনাম ১.৯%) এবং পুনর্বিবাহ (৩.৫% বনাম ৬.৯%)। পরকীয়ার কারণে সবচেয়ে বেশি তালাক/দাম্পত্য বিচ্ছিন্নের ঘটনা ঘটেছে ঢাকা বিভাগে (২৮.৩%); এরপরের অবস্থান রংপুর বিভাগের (২৬.০%); এবং সবচেয়ে কম ময়মনসিংহ বিভাগে (১২.৬%)। দীর্ঘদিন বিদেশে থাকায় তালাক/দাম্পত্য বিচ্ছিন্নের ঘটনা ঘটানোর ক্ষেত্রে সবচেয়ে বেশি দেখা গেছে সিলেট বিভাগে (৩.৩%)। মুসলমানদের মধ্যে তালাক/দাম্পত্য বিচ্ছিন্নের ঘটনার কারণগুলো জাতীয় হারের মতোই, কিন্তু হিন্দু সম্প্রদায়ের মধ্যে এটির ক্ষেত্রে ব্যতিক্রমী চিত্র লক্ষ করা যায়। হিন্দু ধর্মাবলম্বীদের ক্ষেত্রে তালাক/দাম্পত্য বিচ্ছিন্নের সবচেয়ে বড় কারণ হলো দাম্পত্যজীবন বজায় রাখতে অক্ষমতা (২৭.৭%)। এরপর রয়েছে শারীরিক/মানসিক নির্যাতনের কারণে (১৯.৭%)। শারীরিক/মানসিক নির্যাতনের কারণে তালাক/দাম্পত্য বিচ্ছিন্নের ঘটনা ঘটানোর ক্ষেত্রে উচ্চতর শিক্ষাগত যোগ্যতা ও সম্পদশালী হওয়া উভয় ক্ষেত্রেই একটি বিপরীতমুখী সম্পর্ক পরিলক্ষিত হয়েছে।

5.7 Causes of Divorces/Separations

Sample Vital Registration System (SVRS) 2022 has covered the background causes of divorces and separations during the year. The highest cause was reported as adultery (22.6%), followed by unable to maintain a marital life (22.1%). Among other causes, inability/refusing to afford living expenses (10.6%) and family pressure were identified (10.2%) as responsible for more than 1 of every five divorces/separations. The rural-urban pattern shows a significant difference in the causes of divorces/separations against the causes of unable/refusing to afford the living expenses (9.5% vs. 15.3%), inability/reluctance to have sex (4.2% vs. 1.9%) and remarriage (3.5% vs. 6.9%). Adultery as a cause of divorce/separation was found to be the highest in the Dhaka division (28.3%) followed by the Rangpur division (26.0%) and the lowest in the Mymensingh division (12.6%). Staying abroad for a long time has been reported as a remarkable cause of divorce/separation found in the Sylhet division (3.3%). Though divorce/separation among Muslims follows the national patterns, it shows a different pattern among Hindu communities. The most reported cause of divorce/separation in the Hindu religion is the inability to maintain marital life (27.7%) followed by Physical/Psychological violence (19.7%). Both higher educational attainment and affluence show an inverse association with Physical/Psychological violence as a cause of divorce/separation.

Table 5.10: Causes of Divorces/Separations by Selected Background Characteristics in percent, SVRS 2022

Background Characteristics	Unable/refusing to afford living expenses	Unable to maintain marital life	Inability/reluctance to have sex	Chronic disease/infectious disease	Early marriage	Disappearance	Physical/Psychological Violence	Adultery	Dowry	Remarriage	Infertility	Family pressure	Staying abroad for long time	Drug addiction	Others
Residence															
Rural	9.5	21.5	4.2	1.4	3.8	0.7	10.5	23.0	1.2	3.5	3.3	10.7	1.2	1.2	4.4
Urban	15.3	24.7	1.9	0.3	2.8	0.1	6.6	20.9	0.5	6.9	3.4	8.0	0.9	2.5	5.2
Division															
Barishal	12.1	34.4	0.0	0.2	2.2	1.0	12.8	15.7	2.1	4.5	1.8	10.4	0.0	0.1	2.6
Chattogram	7.0	26.8	4.1	2.4	2.7	0.0	14.1	22.0	0.6	4.0	0.6	8.8	2.0	0.9	4.0
Dhaka	11.2	14.6	3.0	1.8	4.3	1.1	7.2	28.3	0.3	4.4	4.9	7.6	1.5	2.6	7.0
Khulna	9.6	29.6	1.8	0.2	3.4	0.1	7.3	20.9	0.8	4.9	5.4	9.3	0.5	2.0	4.3
Mymensingh	11.4	16.2	3.6	0.0	1.2	1.2	19.4	12.6	3.5	6.9	3.5	17.1	1.2	1.2	1.1
Rajshahi	12.2	23.0	5.1	0.4	5.6	0.4	5.2	23.3	0.4	4.1	1.3	11.7	1.3	1.0	5.2
Rangpur	11.1	19.3	7.0	2.4	2.7	0.1	12.3	26.0	1.3	1.1	4.2	11.0	0.2	0.9	0.6
Sylhet	8.2	14.4	2.7	2.7	2.6	2.7	15.1	14.6	3.9	4.2	4.1	9.2	3.3	1.3	11.0
Religion															
Muslim	10.6	21.8	3.8	1.3	3.6	0.6	9.6	22.8	1.1	4.2	3.3	10.2	1.2	1.4	4.6
Hindu	14.8	27.7	0.0	0.0	3.4	0.0	19.7	17.9	0.0	3.1	4.8	1.9	0.0	3.4	3.4
Others	0.0	45.2	0.0	0.0	1.1	0.0	12.5	13.3	0.0	0.0	0.0	27.9	0.0	0.0	0.0
Education															
No Education	14.3	19.5	5.2	1.6	1.7	1.6	12.3	20.4	1.9	4.5	4.7	7.9	0.0	0.0	4.5
Primary	13.4	22.4	2.9	0.8	3.3	1.1	11.0	21.7	0.5	5.0	2.9	8.8	0.8	0.6	4.9
Secondary	9.0	21.3	3.7	1.5	4.8	0.0	9.2	24.3	1.3	3.7	3.8	9.6	1.9	2.1	3.9
Above Secondary	7.5	25.1	4.1	0.8	2.6	0.3	7.8	22.5	0.4	3.6	2.1	15.1	1.2	2.4	4.6
Others/Non-Ins.	7.5	21.1	3.7	3.6	6.5	0.0	9.9	19.6	3.7	3.9	3.2	8.0	0.0	0.0	9.4
Wealth quintile															
Poorest	15.6	24.3	4.3	1.3	1.7	0.9	12.5	18.9	0.9	2.8	4.3	7.6	0.7	0.8	3.5
Poorer	11.0	21.6	3.4	0.8	4.3	0.9	10.1	24.7	1.1	4.8	2.2	9.4	0.4	1.0	4.4
Middle	7.5	19.6	3.6	2.0	5.4	0.4	9.7	24.1	0.8	3.6	3.6	12.0	1.3	1.5	4.9
